# মার্কিন যুক্তরাষ্ট্রের আক্রমণ

...মাঝে মাঝে কিছু বিষয় ঘটবার জন্য প্রভুর ইচ্ছা। আমরা ডেনভার গিয়েছিলাম, সম্প্রতি, এবং ফিরে এসেছি। আমি বিশ্বাস করি যে আমি রিপোর্ট দিতে চাই, সভাটি: এটি কয়েক বছর ধরে আমার সেরা সভাগুলির মধ্যে একটি ছিল। আমরা একটি দুর্দান্ত সময় কাটিয়েছি। দুই হাজারের কিছু বেশি ব্যক্তি তাদের হৃদয় খ্রীষ্টকে দিয়েছেন, এছাড়া যারা পবিত্র আত্মার বাপ্তিস্ম গ্রহণ করেছেন, মহান চিহ্ন এবং আশ্চর্য কার্য্যের পাশাপাশি যা আমাদের প্রিয় প্রভু যীশু ডেনভারে লোকদের মধ্যে করেছিলেন। আমরা একটি বিস্ময়কর বর্ষণ পেয়েছি, এবং প্রচুর লোকেরা একত্রিত হয়েছিল। আমরা প্রায় পাঁচ হাজার নিয়ে শুরু করেছিলাম, শুরু করার জন্য। আর আমাদের কাছে ম্যামথ গার্ডেন ছিল। আর তৃতীয় রাতে, সেই স্থানে লোকদের দাঁড়ানোর জন্য কোন স্থান ছিল না। পাঁচটি রাত এমন একটি চমৎকার সময় পেয়েছি।

2 আমরা সেখান থেকে রওনা হলাম, কানাডায় যাওয়ার জন্য, ছেলে আর আমি। আর আমরা পাহাড়ে উঠে গেলাম, আর তুষারঝড় আসে। আমি অনুমান করি আপনারা এটি আপনার রেডিওতে শুনেছেন। আর তাতে প্রায় একশো আটাশি জন লোক মারা গিয়েছিল। আর আমরা বেশ কিছু দিন পর্যন্ত—পর্যন্ত—পর্যন্ত একটি তুষারপাতের মধ্যে আটকে ছিলাম, সেখানে পাহাড়ে। আর আমাদের সভা চলে যায়, আর আমরা, এখন বাড়িতে ফিরে এসেছি, আমরা পুনরায় প্রস্থান করার আগে। তাই আমরা বিশ্বাস করি যে সে সকল সম্ভবত ঈশ্বরের ইচ্ছার জন্য ছিল, যে এটি একটি—একটি উত্তম সভা হবে, এবং অন্য কিছু। তিনি আমাদের জন্য এমন কিছু রেখেছিলেন যা আমরা জানি না।

3 আমরা এক ধরনের অন্ধকার জগতে হাঁটছি, কিন্তু অন্ধকারে নয়। আমরা শুধু অনুসরণ করি, যেমন আলো এগিয়ে যায়, তখন আমরা আলোকে অনুসরণ করি।

4 আর আমাদের স্বর্গীয় পিতার হয়তো এমন কিছু ছিল যার সম্পর্কে আমরা কিছুই জানি না। সেখানে কিছু বিপদ থাকতে পারে। অথবা, আবার, তিনি হয়তো কাউকে আনার জন্য কাজ করছেন।

আপনারা দেখুন, ঈশ্বর একজন ব্যক্তির উপর এইভাবে কাজ করতে পারেন; তিনি একটি সম্পূর্ণ জাতিকে পরিবর্তন করেন শুধুমাত্র সেই একজন ব্যক্তির জন্য, তাদের প্রবেশ করানোর জন্য। আর তাই আমরা জানি এটা সবই ঈশ্বরের মহিমার জন্য। আর আমরা এর জন্য তাকে ধন্যবাদ জানাই, এবং আমাদের রক্ষা করার জন্য। আর সেখানে অনেকেই ছিলেন, আমরা...

5 বিলি ও আমি তাদের নিয়ে আসতে সাহায্য করেছিলাম, রাস্তার ধারে এবং এই জাতীয় জিনিসগুলি, দুর্ঘটনাগ্রস্থ লোকদের আর সবকিছু। কিন্তু আমরা কোন ঝামেলা ছাড়াই ফিরে এসেছি। আমরা একবার রাস্তা থেকে নেমে গিয়েছিলাম, কিন্তু সেটা কিছু মুহূর্তের জন্য ছিল। আর সেখানে কিছু লোক, একটি খামার থেকে এসে একটি ট্রাক্টর দিয়ে আমাদের বের করে আনলেন। শুধু পিছলে যাচ্ছিল; এটা খুব পিচ্ছিল ছিল।

6 আর এটি এমন একটি বিষয় যা তাদের কাছে ছিল না...পারেনি, পুরানো সময়ের লোকেরা কখনও এমন ঝড় হওয়ার কথা মনে করতে পারেনি, সেই প্রদেশে, বছরের সেই সময়ে, রাউন্ডআপ, মন্টানা। আর আমরা ছিলাম...আমরা জানি যে এইরকম অসামান্য কিছু, আমাদের প্রভু সেখানে কোথাও তাঁর হাত রেখেছিলেন। এটা কোন উদ্দেশ্যের জন্য ছিল, আমাদের—আমাদের ভালোর জন্য। আমাদের ভালোর জন্য, এটাই তা ছিল।

7 আর তাই আমি ভাই নেভিলকে ডেকেছিলাম, আমি ফিরে আসার পর, আর আমি বললাম, "আমি রবিবার বাড়িতে থাকব। আর—আর আপনি যদি আমার অনুসন্ধান করেন, আসুন এবং সম্ভবত রবিবারের স্কুল নিতে পারেন, কেন, ঠিক আছে।" আর আমি বললাম, "তারপর আমি...আর আমি পেয়ে খুব খুশি হব।"

8 তিনি বললেন, "কেন, অবশ্যই, ভাই বিল।" বললেন, "আমরা সর্বদা আপনার উপস্থিতির জন্য খুব আনন্দিত," একটি বড় খোলা হৃদয় নিয়ে স্বাগত, এইভাবে। আর তারপর এটি গতকাল তার রেডিও প্রোগ্রামে রাখেন। তাই আমরা এই সব বিষয়ের জন্য কৃতজ্ঞ।

9 আর আজ সকালে, এখন, মাতৃ দিবসে। বেশিরভাগ মানুষ, আপনি সর্বত্র মাতৃ দিবসের উপদেশ শুনতে পাবেন, এবং লোকেরা মায়ের কথা বলছেন, যা আমি মনে করি চমৎকার। বাকি সভার জন্য এটা ছেড়ে দিন।

10 আজ সকালে আমি ঘোষণা করেছিলাম, যে, একটি—একটি বিষয় *মার্কিন যুক্তরাষ্ট্রের আক্রমণ*, সেই বিষয়ে আমি কথা বলতে

চেয়েছিলাম। যা, আপনি সম্ভবত আপনার রেডিও সম্প্রচার শুনেছেন, আর আপনি আজ তাদের প্রচুর শুনতে পাবেন। আর সেখানে একটি মাতৃ দিবসের বার্তা হবে, সম্ভবত, আজ রাতে সভার মধ্যে। আর তাই আমি ভাবলাম, আজ সকালে, আমি ঘোষণা করব, "সেই—সেই আক্রমণ।"

11 আমি ডেনভারে এটি নিয়ে কথা বলেছিলাম, এখানে, ঠিক যে পদ্ধতির থেকে আমি আজ সকালে এটি দেওয়ার লক্ষ্য নিয়েছি, যদি ঈশ্বর চান। আর, এটা, এর সাথে একটি চমৎকার সময় ছিল। প্রভু শুধু একটি চমৎকার উপায়ে আশীর্বাদ করেছেন। এটা কখনও কখনও আমাদের একটি...

12 আপনাকে একটু ঝাঁকুনি দিতে হবে, এটা কি তা উপলব্ধি করার জন্য, আমরা কি কখনও কখনও করি না ? আর আমরা প্রার্থনা করি যে ঈশ্বর এটা করবেন।

13 আর, যাইহোক, সেখানে, যখন আমরা প্রবেশ করলাম... ডেনভারের বিজনেস ম্যানরা সভাটি স্পনসর করেছিল, আর তারা আমার আগের চেয়ে একটু ভিন্ন স্পনসর ছিল।

14 আর সাধারণত, সেবকরা, যখন তারা সভার স্পনসর করেন, আপনি বলবেন..."আপনি কি এটা ঘোষণা করেছেন ?" "হ্যাঁ, মণ্ডলীতে।" এই বিষয়ে এটাই। সেটা মেষপালক; তারা চান তাদের পাল এই বিষয়ে জানুক। সেটি একটি সুন্দর বাক্য। এটা তাদের কাজ।

15 কিন্তু বিজনেস ম্যানরা একটু ভিন্ন ছিলেন। তারা চেয়েছিলেন বিশ্ব এই বিষয়ে জানুক, তাই তারা রাস্তার গাড়ি, ট্যাক্সিক্যাবে প্রায় তিন বা চার হাজার ডলার মূল্যের বিজ্ঞাপন ছড়িয়ে দেয়, সমস্ত গাড়ির বাম্পার, এবং সর্বত্র। আমরা একটি চমৎকার সময় কাটিয়েছি।

16 সভা শেষ হওয়ার পর, তারা আমাকে একপাশে ডাকলেন, বললেন, "ভাই ব্রানহাম, আমরা এখন আপনার জন্য কি করতে পারি ? আমরা আপনার কাছে কি ঋণী ?"

17 আমি বললাম, "কেন, অবশ্যই, কিছুই না।" আমি বললাম, "আপনারা আমার কাছে কিছুই ঋণী নন।" আমি বললাম, "আপনারা, আমার হোটেলের বিল এখানে পরিশোধ করুন, যদি আপনারা চান।"

18 "ওহ, আমরা আপনার জন্য কিছু করতে চাই।" আর তারা করবে না...আমি তাদের কাছ থেকে কিছুই নেব না।

19 তাই ব্যবস্থাপক তাদের ডাকলেন। তিনি বললেন, “আমি বিশ্বাস করি তিনি এক প্রকার শিকার করা এবং মাছ ধরতে পছন্দ করেন, তাই না ?”

তিনি বললেন, “হ্যাঁ।”

20 তাই একজন বিজনেস ম্যানের সেখানে একটি খামার ছিল, আর তিনি বললেন, “আমি তাকে এটির একটি উপহার দিব।”

21 ঠিক আছে, মিস্টার মুর এটা দেখতে গিয়েছিলেন। তাকে ঘোড়ায় চড়ে প্রায় পঁয়ত্রিশ মাইল ফিরে যেতে হয়েছিল। আমি বললাম... মহাশয় মুর বললেন, “আমি বোন ব্রানহামকে একটি ঘোড়ায় বসে দেখতে চাই, সেখানে ফিরে যেতে দেখতে চাই।” তাই তিনি, তারা, এবং...

22 কিন্তু, এর পরে, যদিও, তারা সেখানে সিলভার প্লুম, কলোরাডোতে একটি আবাসস্থলে চলে যায়। এটা এখন এই দিকে হওয়ার কথা। আর তারা সেখানে একটি ছোট খামার কিনেছিলেন, আর সেখানে আমার জন্য পাঁচ কক্ষের একটি বাড়ি তৈরি করেছেন...সিলভার প্লুম, কলোরাডোতে, যা পাহাড়ের ঠিক কেন্দ্রে। সুতরাং, আপনারা জেলেরা, আমি অনুমান করি এটি একটি উত্তম সময়, তাই এটি বিশ্রাম নেওয়ার একটি ভালো স্থান হবে, আর সভা এবং বিষয়গুলির পরে, যদি ঈশ্বর অনুমতি দেন। এটা তাঁর উপর নির্ভর করে, আপনারা দেখুন।

23 আমি এখন বাক্যের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর আমি শুধু বাক্য ভালবাসি, ঈশ্বরের জীবন্ত বাক্য। এটা, বাক্যের ভিতরে জীবন রয়েছে। এখন, “বাক্য, অক্ষর, হত্যা করে, কিন্তু আত্মা জীবন দান করে।” আর জীবন বাক্যে রয়েছে, কারণ এটি ঈশ্বরের বাক্য। জীবন তার বাক্যে নিহিত রয়েছে।

যেমন, যদি আমি আপনাকে বলি, “আমি আপনাকে দিচ্ছি...”

24 আপনি বলেন, “আমি ক্ষুধার্ত, আজ সকালে, ভাই ব্রানহাম। আপনি কি আমাকে পাঁচ ডলার দেবেন ?”

25 আমি বলব, “আমি প্রদান করব।” এখন, সেখানে ঠিক ততটাই জীবন আছে যতটা আমার প্রতিশ্রুতি রয়েছে।

26 এটা ঈশ্বরের সঙ্গে একই রকম। যখন ঈশ্বর কিছু প্রতিশ্রুতি দেন, তখন ঈশ্বর যা, তাঁর...তাকে তাঁর বাক্যে থাকতে হবে। দেখুন ? এই বাক্যের কোন মূল্য নেই...এই বাক্য ঈশ্বরের সমান। এটা ঈশ্বর।

27 আপনার বাক্য আপনি যা। এটা আপনার বন্ধন; আমরা এটা বলতাম। আপনার বন্ধন হল আপনার বাক্য। যদি আমরা আপনার কথা নিতে না পারি, তাহলে আমি ভরসা করতে পারি না। কিন্তু আমি যদি কোন কিছুর জন্য আপনার কথা নিতে পারি, তাহলে তিনি একজন সম্মানী ব্যক্তি।

28 আর বাইবেল বলে, "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন।" দেখুন? দেখুন? "আর বাক্য দেহধারন করিলেন, এবং আমাদের মধ্যে বাস করিলেন।"

29 যদি আমরা মনে করি, এটি, সেই পৃথিবীতে আমরা যেখানে বাস করছি, আজ সকালে, ঈশ্বরের বাক্য। *সেই* বৃক্ষটি হল ঈশ্বরের বাক্য। আর আপনি, আপনার শরীর, হল ঈশ্বরের বাক্য। ঈশ্বর এটিকে এইভাবে অস্তিত্বে আনার জন্য বাক্য বলেছিলেন, এটি শূন্য থেকে তৈরি করেছিলেন; যার কিছুই ছিল না।

30 আপনি কি কখনও মানুষের জীবন লক্ষ্য করেছেন, এটি কোথা থেকে এসেছে? একটি ছোট কোষ, এত ছোট যে একটি মানুষের চোখ এটি দেখতে পায় না; শুধুমাত্র একটি বড়, শক্তিশালী কাচের মাধ্যমে। আর সেখান থেকে বেরিয়ে আসে একশ পঞ্চাশ, দুইশ পাউন্ডের মানুষ। এটা কোথা থেকে এসেছে? দেখুন? ঈশ্বর শুধু এটা বলেছেন, আর এটি শুরু হয়েছে, প্রকৃতির দ্বারা, ক্রমবর্ধমান, আর সেখানে এটি ঠিক উৎপন্ন হয়েছিল। তিনি প্রতিটি গাছ, সবকিছু, কথিত বাক্য দ্বারা অস্তিত্বে এনেছিলেন। আর আজ সকালে, ঈশ্বরের বাক্য দেখার জন্য এটি একটি অপূর্ব, অপূর্ব বিষয়।

31 এখন, এই, আজ সকালে, পুরাতন নিয়মে, বংশাবলিতে ফিরে যাচ্ছি। আমি একটু বিরক্ত হয়ে গিয়েছিলাম...যখন আপনারা এখন বংশাবলি খুলছেন, ১৮ তম অধ্যায়ের দিকে। শুধু একটু ক্লান্ত। কিন্তু প্রভু যদি চান...

32 আমি নিশ্চিত নই; আমরা বুধবার রাতে আরও জানতে পারব। যদি প্রভু চান, এবং মণ্ডলী সেই পথে পরিচালিত মনে করে, আমি বুধবার, বৃহস্পতিবার, শুক্র, শনিবার এবং রবিবার নিতে চাই, এখানে একটি পুনরুজ্জীবন হিসাবে, বাক্য থেকে একটি শিক্ষামূলক পুনরুজ্জীবন। [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পাদকীয়।] বুধবার, বৃহস্পতিবার, শুক্রবার, শনি এবং রবিবার, শুধু বাক্যের উপর শিক্ষা; নিরাময় সেবা নয়, কিন্তু শিক্ষা। হয়তো প্রভু আমাদের সেই পথে পরিচালিত করবেন। আর তারপর আমরা...আমি আপনাদের সাথে থাকতে ভালোবাসি এবং বাক্যের চারপাশে সহভাগিতা করতে

ভালোবাসি, আপনাদের সাথে। আপনাদের অনেক ধন্যবাদ, সেই চমৎকার, চমৎকার "আমেন" এর জন্য।

33 এখন, বংশাবলির ১৮ তম অধ্যায়ে, এবং ১২ তম পদ দিয়ে শুরু করে, আমরা আমাদের চিন্তার ভিত্তি করতে চাই, দিনের এই গুরুত্বপূর্ণ বিষয়ে কিছু সময়ের জন্য। প্রথম বংশা-..., অথবা, দ্বিতীয় বংশাবলি, আমি আপনার ক্ষমা প্রার্থনা করছি, দ্বিতীয় বংশাবলি ১৮:১২, এবং আমরা এখানে এর একটি অংশ পাঠ করবো, এবং দেখব আমাদের প্রভু আমাদের কি জানাবেন।

*আর যে দূত মীখায়কে ডাকিতে গিয়াছিল, সে তাঁহাকে কহিল, দেখুন, ভাববাদিগণের বাক্য সকল এক মুখে রাজার পক্ষে মঙ্গলসূচনা করে; অতএব বিনয় করি, আপনার বাক্য উহাদের কোন এক জনের বাক্যের সমানার্থক হউক, আপনি মঙ্গলসূচক কথা বলুন।*

*মীখায় কহিলেন, জীবন্ত **সদাপ্রভুর** দিব্য, আমার ঈশ্বর যাহা বলেন, আমি তাহাই বলিব।*

*পরে তিনি রাজার নিকটে আসিলে রাজা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, মীখায়, আমরা রামোৎ-গিলিয়দে যুদ্ধ করিতে যাইব, না* আমরা *ক্ষান্ত হইব? তিনি কহিলেন, আপনারা যাত্রা করুন, কৃতকার্য্য হউন, তথাকার লোকেরা আপনাদের হস্তে সমর্পিত হইবে।*

34 এখন, আমাদের চিন্তার ভিত্তি কয়েক মুহূর্তের জন্য; তাঁর কাছে আবার একটি বাক্য, এই বিষয়ে।

35 আমাদের স্বর্গীয় পিতা, কৃতজ্ঞ হৃদয় নিয়ে আমরা এখন আপনার কাছে এসেছি, হারিয়ে যাওয়া প্রাণদের পক্ষে, যাদের প্রয়োজন রয়েছে তাদের পক্ষে, মণ্ডলীর পক্ষে। যাতে, পবিত্র আত্মা এখন দ্রুত বাক্যে প্রবেশ করেন, আমরা প্রার্থনা করি। এটা সরাসরি এখানে প্রতিটি হৃদয়ে নিয়ে যান যাদের প্রয়োজন রয়েছে। আর যখন তিনি তাঁর শক্তির বাক্য বার্তা হৃদয়ে পৌঁছে দেন, আজ সকালে আমরা সবাই এর দ্বারা সমৃদ্ধ হতে পারি; প্রস্থান করে, আবাস ত্যাগ করে, আনন্দ করে এবং ঈশ্বরের প্রশংসা করে, এই বলে, "আমাদের হৃদয় আমাদের মধ্যে জ্বলছে, তাঁর উপস্থিতির কারণে।" কারণ আমরা তাঁর নামে এই প্রার্থনা করি। আমেন।

36 আমাদের দৃশ্যের ভিত্তি, আজ সকালে, একটি দুঃখজনক বিষয়ের উপর। আর পুরাতন নিয়ম, আমার কাছে, সর্বদা একটি ছায়া অথবা একটি—অথবা নতুন নিয়মের একটি পূর্বাভাস। অনেকবার,

কেউ বলেছেন, "ভাই ব্রানহাম, কেন আপনি সবসময় পুরাতন নিয়ম গ্রহণ করেন? প্রায় সবসময়, একটি পাঠ্য নিয়ে, আপনি পুরাতন নিয়মে ফিরে যান।" আমি এটা করি কারণ আমি প্রকারতত্ত্ব পছন্দ করি। আমি পছন্দ করি...

37 আমার শিক্ষা খুবই সীমিত, সবাই জানেন। আর একমাত্র উপায় যেটা আমি জানি ঠিক কাছাকাছি কোথাও, নকশাটি কী ছিল তা দেখার জন্য, নীলনকশাটি দেখার জন্য এবং এটি কী ছিল তা দেখার জন্য। আর তারপর আমি জানি যে *এটি* এখানে যা আছে তার অনুরূপ *সেটি* কিছু হবে, কারণ এটি কেবল এর ছায়া। আর ইস্রায়েলের সন্তানরা কি করেছিল তা দেখার জন্য আমি সর্বদা পুরাতন নিয়মের দিকে ফিরে তাকাই, পাপের শাস্তি কী ছিল, দেখুন ভাববাদীদের ন্যায়বিচার কি ছিল, দেখুন সেই সমস্ত বিষয়গুলি কি ছিল; আর তখন আমি একটি ধারণা পাব যে *এটি* এখানে কী, যা পূর্বাভাস দিয়েছে শেষ পর্যন্ত সাধারণ সমাপ্তিতে কী হবে।

38 এই সময়ে, ইস্রায়েলের সাথে একটি মহান ঘটনা ঘটেছিল। এটা এর মধ্যরাতের অন্ধকারে ছিল।

39 পুরাতন নিয়মে, যদি প্রভু ইচ্ছা করেন, হয়তো আসন্ন সভাগুলিতে, আমি দেখাতে চাই কিভাবে সপ্ত মণ্ডলীর যুগ পুরাতন নিয়মে ধরন রাখা হয়েছে। তারা কিভাবে ঠিক যেমন—মণ্ডলীর যুগের শুরুতে পরজাতীয় মণ্ডলীর করেছিল, এবং ঠিক একই রকম অন্ধকার যুগের মধ্য দিয়ে চলে যায়, এবং পেন্টিকোস্টের মহিমান্বিত সময়ে বেরিয়ে আসে, পবিত্র আত্মার পতনের সময় আদি মণ্ডলীতে...ইহুদি ব্যবস্থায়। তারপর পরজাতীয় মণ্ডলীর আরেকটি সময়ের মধ্য দিয়ে যাচ্ছে, একটি অন্ধকার যুগের মধ্য দিয়ে, আর তারপরে আবার সহস্রাব্দে বেরিয়ে আসে, শেষে।

40 এখন, কিভাবে মধ্য শতাব্দীতে সেখানে, এই বড় রাজা আহাব ক্ষমতায় এসেছিলেন। আর তিনি অন্য ইস্রায়েলীয় রাজাদের খ্যাতির উপর চড়েছিলেন, যা ছিল...আহাব, নিজে, একজন—একজন সীমারেখা বিশ্বাসী ছিলেন। আমি প্রায়শই তাকে এইভাবে উল্লেখ করেছি, কারণ তিনি বেড়ার *এই* পাশে সময়ের কিছু অংশে ছিলেন, সময়ের কিছু অংশ বেড়ার *ওই* পাশে।

41 আপনি কখনই জানেন না কোথায় দাঁড়াতে হবে, এমন একজন ব্যক্তি যিনি অস্থির। অথবা, একজন ব্যক্তি যিনি নিজেকে খ্রিস্টান বলে দাবি করেন, এবং তিনি অস্থির, আপনি জানেন না সেই ব্যক্তির সম্পর্কে কি করতে হবে। আজ তারা খ্রিস্টান; আগামীকাল

আপনি জানেন না তারা কোথায় থাকবে। আজ মণ্ডলীতে, তারা আনন্দ করছে এবং গান গাইছে এবং ঈশ্বরের প্রশংসা করছে; আর আগামীকাল, মদ্যপান করছে, হৈ হুল্লোড় করছে, দৌড়াদৌড়ি করছে। তাহলে এই ধরনের ব্যক্তির সাথে কিছু করা কঠিন।

42 আমার মনে আছে, ছোটবেলায়, একবার আমাদের একটি—একটি বৃদ্ধ ঘোড়া ছিল, সে সব সময় বেড়া লাফিয়ে যেত। আর আমি অনুমান করি আপনারা অনেকেই, যারা আমার বয়সে রয়েছেন, ঘোড়ার দিনগুলি, বগির দিনগুলি জানেন। আমি অনেকবার এসেছি, ঠিক এই রাস্তায়, একটি ঘোড়া এবং বগি চালিয়ে, নিজে। আমার বয়স পঁয়তাল্লিশ। তাই, তারা...আমার মনে আছে, এই বৃদ্ধ ঘোড়া, আমরা তার ঘাড়ে জোয়াল রাখতাম, যেমন আপনি একটি গরুর প্রতি করেন, তাকে বেড়া লাফানো থেকে বিরত রাখার জন্য। আর সে লাফ দেবে, যেভাবেই হোক। আর সে সেই জোয়াল ঝুলিয়ে দিত আর সেটি ঘুরিয়ে দিত, ইত্যাদি। সে বেড়া অতিক্রম করবে। আর একদিন, সে...

43 আমি ভাবছিলাম সেই বৃদ্ধটিকে কি আকর্ষণ করছিল। আর সেখানে একটি বড় সিঙ্কহোল ছিল। এখন, সে আলফালফা ক্ষেতে দাঁড়িয়ে ছিল, ওহ, উচ্চ, কিন্তু সে চেয়েছিল...সেখানে একটি সিঙ্কহোলে বাগানের ঘাসের ফলক ছিল। আর সে সেই বেড়া লাফিয়ে সেই গর্তের মধ্যে চলে যায় যেখানে এই সকল তার ও কাচ ছিল, যেখানে আমরা...আমাদের—আমাদের স্তূপের মধ্যে, আর সেই বাগানের ঘাসের কয়েক মুখভর্তি খাবার জন্য সেখানে চলে যায়। আর আমাদের আরও কিছু ঘোড়া আনতে হয়েছিল আর তাকে সেই সিঙ্কহোল থেকে বের করে আনতে হয়েছিল। যখন সে সেখানে প্রবেশ করে, সে সেখানে আটকে যায়। আর যখন সে সেখানে দাঁড়িয়ে পড়ে, তখন সে কাঁপছিল আর রক্তক্ষরণ হচ্ছিল, আর—আর সে যেমন ছিল, যখন সে আলফালফায় দাঁড়িয়ে ছিল, প্রায় হাঁটু পর্যন্ত সেই বাগানের ঘাস থেকে এক বা দুটি মুখভর্তি ঘাস খাওয়ার জন্য।

44 আমি প্রায়ই সেই ছবির কথা ভেবেছি। "অপরাধীর পথ কঠিন।" সে সেখানে স্থির থাকত না যেখানে সে খাচ্ছিল আর একটি ভালো সময় কাটাচ্ছিল, কিন্তু...তাকে বেড়া লাফিয়ে যেতে হয়েছিল আর থেঁতলে গিয়েছিল এবং এভাবে কেটে গিয়েছিল, শুধু মুখভর্তি—কিছু অন্য রকমের ঘাস খাওয়ার জন্য। এখন, এটা ঠিক যেভাবে লোকেরা করে, ঈশ্বরের চারণভূমির বেড়া লাফিয়ে যায়। আপনারা কি এটা বিশ্বাস করেন না? বেরিয়ে যায়, আজ বেরিয়ে যান;

ভিতরে আসুন। মণ্ডলীতে আছেন, একটি চমৎকার সময় কাটাচ্ছেন; তারপর, আগামীকাল, এরকম কিছুর জন্য বিক্রি হয়ে যান। এটা খুব কঠিন করে তোলে।

45 আহাব কমবেশি সেই ধরনের একজন ব্যক্তি ছিলেন। যে দিকে বাতাস বয়ে যেত, আহাব তার পাল স্থাপন করতো, যদি এটি *এই* দিকে অথবা ওই দিকে হয়। তার বিবাহ তাকে এলোমেলো করে দেয়, একজন মহিলার সাথে যিনি ছিলেন একজন ছোট রাজকন্যা, একজন রাজার কন্যা, একজন ঈষেবল। দেখতে খুব সুন্দরী, খুব সুন্দরী মহিলা, কিন্তু তার হৃদয়ে সে ছিল দুষ্ট। আর সে একজন মূর্তিপূজক ছিল, আর সে সমস্ত ইস্রায়েলকে বাধ্য করেছিল...

46 এখন, আমি সেখানে কয়েক মিনিটের জন্য সীমানা দিতে চাই, যেমনটি ছিল, মাতৃত্বের উপর এর মূল অংশে প্রবেশ করার জন্য, দেখুন, সেখানে। আর যখন একজন মানুষ বিয়ে করতে শুরু করে; একজন মেয়ের ধরন, নারী যা সে...এটা শুধু সৌন্দর্য দেখার চেয়ে বেশি কিছু। আপনাকে কাউকে পেতে হবে, প্রাণ এবং দেহ উভয়ই একসাথে মিলিত; কেউ যে সত্যিই আপনার বন্ধু এবং সঙ্গী হতে যাচ্ছে, যে মোটা এবং পাতলায় আপনার সঙ্গে থাকবে।

47 এখন, কিন্তু, আহাব, তিনি তার জন্য পড়েছিলেন কারণ সে সুন্দরী ছিল, আমি মনে করি, এবং বিয়ে করেছিল। এটা তার সম্পর্কে অন্য কিছু হতে পারে না, কারণ, সে যেমন বিদ্বেষপূর্ণ ছিল। আর সে সেখানে আসে। আর তারপর, অবশ্যই, তার সাথে এইভাবে আবৃত হয়ে, আর তাকে ভালবাসত, কেন, তিনি সমস্ত ইস্রায়েলকে পাপ করিয়েছিলেন এবং ঈশ্বরের বিরুদ্ধে গিয়েছিলেন, আর ঈশ্বরের বেদীগুলিকে ভেঙে ফেলার জন্য; বাল মূর্ত্তির বেদী নির্মাণ করে। আর সেই সময়ে ইস্রায়েলের সর্বত্র তারা বাল উপাসনা করতো।

48 এখন, তার স্ত্রী ধার্মিক নাবোতকে...আপনারা অনেকেই তার সম্পর্কে পড়েছেন। কিভাবে সে প্রতারণা দ্বারা তার বাগান কেড়ে নেয়; শপথ করে, একটি মিথ্যা, আর তার বিরুদ্ধে মিথ্যা সাক্ষী নিয়ে আসে। কারণ, সে তার স্বামীর জন্য কিছু করতে চেয়েছিল; আর একজন ধার্মিক ব্যক্তিকে হত্যা করে, একটি বাগান পাওয়ার জন্য যা প্রাসাদের জমির কাছে ছিল।

49 এই সব, ঈশ্বর নিচের দিকে তাকিয়ে ছিলেন। তাই ভাববাদী, এলিয়, যিনি প্রভুর একজন মহান, পরাক্রমশালী দাস ছিলেন, ভবিষ্যদ্বাণী করেছিলেন এবং ঈষেবলকে বলেছিলেন যে তার প্রতি কি ঘটবে। আর তিনি আহাবকে বলেছিলেন যে কুকুররা তার রক্ত

চাটবে। এখন, যখন ঈশ্বর কিছু বলেন...অবশ্যই, সেই দিনগুলিতে, প্রভুর সরাসরি বাক্য ভাববাদীর মাধ্যমে এসেছিল।

50 "ঈশ্বর, বিভিন্ন সময়ে এবং বিভিন্নভাবে ভাববাদীদের মাধ্যমে পিতৃলোকদের সঙ্গে কথা বলেছিলেন, এই শেষ দিনে তাঁর পুত্র, খ্রীষ্ট যীশুর মাধ্যমে।"

51 সুতরাং, *এটি* হল সেই বাক্য। আর যদি *সেটির* বিপরীত কিছু হয়, তবে তা ছেড়ে দিন। দেখুন? এখন, দ্বিতীয়ত, তিনি আজ ভাববাদী, দ্রষ্টা ইত্যাদির মাধ্যমে কথা বলেন। কিন্তু প্রথমে *এটি*, বাক্য। এখন...

52 আর আহাব এই দুষ্টতা করেছিল। আর তিনি এগিয়ে যান; ঈশ্বর বহু বছর ধরে মানুষকে আশীর্বাদ করেন। এবং, অবশেষে, যিহোশাফট যিহূদার রাজা ছিলেন, যখন আহাব ইস্রায়েলের রাজা ছিলেন।

53 আর, তখন, যিহোশাফট একজন ধার্মিক ব্যক্তি ছিলেন। তিনি ছিলেন আসার পুত্র। আসা একজন—একজন ধার্মিক ব্যক্তি ছিলেন, আর তিনি প্রতিমার—সব বেদী ভেঙে ফেলেছিলেন; যিহোবার বেদী নির্মাণ করেছিলেন। আর তাদের একটি—একটি পুনরুজ্জীবন ছিল, যেমনটি হয়েছিল, যিহূদায়।

54 আর কিছুক্ষণ পরে, যিহোশাফট, অথবা আহাব, সেখানে প্রেরণ করেন, আর তিনি সিরিয়ায় আরেকটি ভূমি খুঁজে পান, যা তিনি ভেবেছিলেন এটি তার, তিনি ভেবেছিলেন যে তিনি নিতে যাবেন। তাই তিনি এই যিহোশাফটকে জিজ্ঞাসা করেছিলেন যে তিনি এসে তার সঙ্গে একটি মৈত্রী স্থাপন করবেন কিনা।

55 আর, অবশ্যই, এখন সেখানে একটি বড় বিপদ রয়েছে, দেখুন, যখন তারা এই বৃহৎ রাজা আহাবকে সেখানে দেখেছিল, আর তারা এই মহান ব্যক্তিকে এখানে দেখেছিল, যিহোশাফট; তাদের মধ্যে একজন, একজন কদুষ্ণ; অন্যজন, একজন আত্মায় পূর্ণ ব্যক্তি। আপনি কিভাবে আপনার জোট তৈরি করেন তা দেখুন। আপনি কি করছেন তা দেখুন, আপনি কেমনভাবে অবিশ্বাসীদের সাথে নিজেকে জোয়ালবদ্ধ করছেন। নিজেকে পরিষ্কার রাখুন, বিশেষ করে যে দিনটিতে আমরা বাস করছি।

56 আমি বিশ্বাস করি, মণ্ডলী, সন্দেহের ছায়া ছাড়াই, এটি আমার হৃদয়ে জ্বলছে। এই কারণেই আমি এইগুলির জন্য এই পাঁচটি রাত খুঁজছি, শীঘ্রই; আরও একবার, এটি ঘটার আগে, এই মণ্ডলীকে বাইবেল দিয়ে একটি পুঙ্খানুপুঙ্খভাবে আঁচড়ান।

57 আমরা সময়ের ছায়ায় বাস করছি। এটা যে কোন সময় ঘটতে পারে। যখন আমরা দেখি বিষয়গুলি ঘটবার সময় এসেছে; শত্রুর দুষ্টতা, সেই শক্তি। আমরা এই তুষারঝড় এবং সবকিছু যা ঘটছে, এই সমস্ত মহামারী, সমস্ত বিভিন্ন বিষয় দেখি। যা এই সব বাধার কারণে, এই বোমা এবং বিষয়গুলি চালানোর কারণে। তারা এখানে সবকিছু মিশ্রিত করছে। আর তারা ঈশ্বরের বড় পরীক্ষাগারে বিশৃঙ্খলা তৈরী করছে, তাঁর বাক্য পূর্ণ করার জন্য। এটা ঘটতে যাচ্ছে।

58 সুতরাং, “পাপ পুরুষ” উপরে উঠছে, শক্তি, প্রতারক। আমার। আমি আজ সকালে একজন সেবককে শুনেছি, একজন আত্মায় পূর্ণ ব্যক্তি, পশুর চিহ্ন বিষয়ে বলে যে খ্রীষ্টবিরোধী রাশিয়া ছিল। কি একটি ত্রুটি। আহ্-হাহ্। এর সঙ্গে রাশিয়ার কোনো সম্পর্ক নেই। না, মহাশয়। সেটা শাস্ত্রীয়। এখন, কিন্তু লক্ষ্য করুন এই মহান সময়ে আমরা বাস করছি, একটি সতর্কবাণী।

59 এখন, এই যিহোশাফট, একধরনের ভালো বোধ করেছিলেন কারণ ইস্রায়েলের রাজা বলেছিলেন, “আসুন, আমার পরিদর্শন করুন।” আর তিনি সেখানে চলে গেলেন। আর তারা ষাঁড়, মেষ এবং আরও অনেক কিছু নিয়ে বলিদান করলেন। সব সময়, আহাবের হৃদয়ে সেখানে, তিনি একজন প্রতারক ছিলেন, কারণ তিনি সেটির উপাসনা করেননি...অথবা সেই মেষ ও জিনিসগুলিকে সত্য হৃদয় দিয়ে উৎসর্গ করেন নি, কারণ, সর্বোপরি, তিনি তার স্ত্রীর ধর্মের প্রতি বেশি ঝুঁকেছিলেন।

60 আর লক্ষ্য করুন, আহাব যেমন ইস্রায়েলের সেই বড় অন্ধকার যুগের সময়ে ঈষেবলকে বিয়ে করেছিল, তিনি ইস্রায়েলে মূর্তিপূজা নিয়ে আসেন, আজকের একটি খুব একই ধরণ। শুধু অন্ধকার যুগে; যখন আমরা প্রাথমিক প্রেরিতদের মধ্য দিয়ে বেরিয়ে আসি, দ্বিতীয় দফা, তৃতীয় দফা, অন্ধকার যুগে, পনেরো শত বছর ধরে। আহাব যেমন ঈষেবলকে বিয়ে করেছিল এবং ইস্রায়েলে মূর্তিপূজা নিয়ে এসেছিল, ঠিক তেমনি পবিত্র আত্মা মণ্ডলীও ধর্মমত বিয়ে করেছিল, এবং মূর্তিপূজা ফিরিয়ে আনে, এবং আজ এটি খ্রিস্টান ধর্মের একটি রূপ। দেখুন? দেখুন, ঠিক খুব অন্ধকার। আর এখন এটা প্রতিদিন নিচে নেমে গেছে; প্রতিটি মণ্ডলীর যুগ সেই একই জিনিসের দিকে নেমে যায়, সেই চরমসীমা পর্যন্ত, কদুষ্ণ অবস্থায় আসে, কদুষ্ণ লায়দিকেয়া মণ্ডলীর যুগ। ওহ, কি একটি ভয়ঙ্কর সময়ে আমরা বাস করছি।

61 শুনুন। আমি এখানেই স্বীকার করতে চাই, আমি আরও দূরে যাওয়ার আগে। আমি একজন পুরানো ধাঁচের প্রচারক যিনি পুরানো

দিনগুলি আবার দেখতে আকুল। আমি এই ছদ্মবেশের অনেক কিছু দেখেছি, হলিউড সুসমাচারকে গ্ল্যামারাইজ করে, যতক্ষণ না আমি এটিতে খুব অসুস্থ এবং ক্লান্ত হয়ে পড়েছি। হ্যাঁ, মহাশয়। আমি পুরানো ধরণটি দেখতে চাই। আমি ভয় পাচ্ছি যে আমরা খ্রিস্টান ধর্মকে মানুষের জন্য খুব সুন্দর করে তুলছি; এটা একটি বিপদ রেখা।

62 এখন, যিহোশাফট নেমে আসেন, ভাবেন, "ওহ, ঠিক আছে, ইস্রায়েলের এই বড় রাজা, আমি শুধু...ওহ, আমরা...সব ঠিক হয়ে যাবে।" আর এই বিশাল গ্ল্যামারের মাঝে, তিনি কি করেছিলেন? তিনি একটি জোট তৈরি করেছিলেন, উপরে যাওয়ার জন্য এবং শত্রুর সাথে লড়াই করার জন্য, সাধারণ ভিত্তিতে, কারণ তারা বলেছিল, "আমরা উভয়ই একই মানুষ।" কিন্তু তারা ছিল না। একটি ছিল একটি আত্মায় পূর্ণ দল, অন্যটি ছিল একটি কদুষ্ণ দল। তারা একই মানুষ নয়। না, মহাশয়। আপনার কাছে থাকতে পারে না...

63 আলোর সঙ্গে অন্ধকারের সহভাগিতা থাকতে পারে না। সূর্যের আলোর উপস্থিতিতে রাতের অস্তিত্ব থাকতে পারে না। আর সেখানে সবচেয়ে প্রবঞ্চনার সময় রয়েছে, সময়ের মধ্যে। ঠিক যখন সূর্য অস্ত যাচ্ছে বা উপরে উঠছে, তখন সবচেয়ে প্রবঞ্চনার সময় হয়। পরিষ্কারভাবে দেখার জন্য যথেষ্ট দৃষ্টি নেই; আপনার গাড়ির আলো ভালো এবং পরিষ্কার পথ দেখায় না। হয় অন্ধকার অথবা দিন হওয়া ভালো। যীশু বলেছেন, "গরম হোক বা ঠান্ডা, কদুষ্ণ নয়।" শুধু, এটাই বিপদসীমা।

64 আর তারপর যিহোশাফট, যখন তিনি নেমে আসেন, আর তখন এই বড় জোট তৈরি হয়েছিল, যা ঈশ্বরকে সন্তুষ্ট করেনি। আর লক্ষ্য করুন, ঠিক তার সময়ে, এখন সমস্ত উত্তেজনা, "আমি এই রাজার অনুগ্রহ পেয়েছি। আর, ওহ, আমি—আমি—আমি এই প্রতিবেশীর সঙ্গে সহভাগিতা পেয়েছি। আমার আছে..."

65 দেখুন, সতর্ক থাকুন, যে, মণ্ডলী। দেখুন? এটাই এখানে এই ট্যাবারনাকেলের চারপাশে এবং অন্যের চারপাশে সমস্ত সমস্যার কারণ। দেখুন? আপনি কার সঙ্গে মিশ্রিত করছেন সে সম্পর্কে সতর্ক থাকুন। দেখুন? বেরিয়ে আসুন, আর হয় খ্রীষ্টের পক্ষে হন অথবা তাঁর বিরুদ্ধে হন। দেখুন?

66 এখন, এই ব্যক্তি জোট তৈরি করেছিলেন, আর তিনি ভেবেছিলেন তিনি দুর্দান্ত কিছু করেছেন। তবুও, যখন তিনি বললেন, "সেখানে কি নেই, প্রস্থান করার আগে, আমাদের এই বিষয়ে প্রভুর সাথে পরামর্শ করা উচিত?" এখন, যিহোশাফটের মধ্যে যথেষ্ট ধর্ম

অবশিষ্ট ছিল, তার ভুলের মধ্যে, যে তিনি সেখানে এই রাজার কাছে গিয়েছিলেন, কিন্তু তার মধ্যে এটা ভাবার জন্য যথেষ্ট ধর্ম অবশিষ্ট ছিল, "ঠিক আছে, আমাদের অন্তত প্রভুর সঙ্গে পরামর্শ করা উচিত।"

67 এখন, আহাব কোন কথা না বলে বেরিয়ে যাচ্ছিলেন; শুধু তার নিজের যান্ত্রিক, শারীরিক, মানুষিক কাজ করার পদ্ধতি।

68 আমি এখানেই আশ্চর্য হই, মণ্ডলী, যদি এটা না হয়ে থাকে, অনেকবার, আমরা ভুল করেছি। এটা নির্ণয় করুন, আর বলুন, "ঠিক আছে, এটা *এইভাবে* হওয়া উচিত," আর আমরা এটাকে এভাবে রেখেছি।

69 আমি মনে করি সেখানেই আজ আমেরিকান সুসমাচার প্রচারের একটি সম্পূর্ণ অংশ রয়েছে, যে আমরা এটিকে—একটি আকারে স্থির করেছি, আমি বলব, হলিউডের সুসমাচার প্রচার, অনেক গ্ল্যামার নিয়ে। আমরা লক্ষ্য করি যে প্রচারক প্ল্যাটফর্মে আসেন, আজ, আর, আমার, তিনি ফুলে গেছেন, এবং প্রচার শুরু করার আগে অনেক রসিকতা বলেন, এবং এই জাতীয় জিনিসগুলি, আর এগিয়ে যান এবং একটি বিদূষকের মতো কাজ করেন, বেদীতে। যখন বেদীতে আহ্বানের সময় আসে, লোকেরা বেদীতে আহ্বানের প্রতি কোন আন্তরিকতাও দেখতে পান না। সেটা ঠিক। এই কারণেই পৃথিবী আজ কদুষ্ণ অবস্থায় রয়েছে, যেটিতে সে রয়েছে।

70 আমি ভাবছি, আজ। এটা শুধু, আজ, আমি...মণ্ডলী, আমরা আমাদের ছেলেদের স্কুলে পাঠানোর চেষ্টা করেছি, মনোবিজ্ঞান শেখার জন্য, এবং এইরকম আরও অনেক কিছু, জানার জন্য কিভাবে একটি প্রোগ্রাম পরিচালনা করতে হয়, বেদীতে যেতে এবং আমাদের ব্যবস্থা...বার্তাটি এতটাই প্রলুব্ধকারী, যে এটি লোকেদের ধরবে, এবং তাদের দৃষ্টি আকর্ষণ করবে। আর অনেক বড় মনোবিজ্ঞানী এইরকম শিক্ষক হিসাবে বাইরে যান, এবং নাটকীয়তা করেন এবং অনেক কিছু পরিধান করেন। আর আমি আশ্চর্য হই, যখন তারা...যে...আমরা সর্বদা গির্জার সৌন্দর্য এবং আকর্ষণের কথা বলি। কিন্তু আমরা তাদের বলতে ব্যর্থ হই, "যে আমাকে অনুসরণ করে, সে যেন নিজেকে অস্বীকার করে, তার ক্রুশ তুলে নিয়ে আমাকে অনুসরণ করে।" আমি ভাবছি যদি আমরা গির্জার সৌন্দর্যকে খুব বেশি সুন্দর না করি, যে ব্যক্তি আসে তার জন্য।

71 উদাহরণস্বরূপ, ব্যাপটিস্ট চার্চ আজ একটি স্লোগান পেয়েছে, "৪৪ সালে আরও এক মিলিয়ন," হাজার হাজার সদস্যদের নিয়ে,

এবং দশ হাজার হাজার, ধর্মান্তরিত নয়, কেবলমাত্র যারা মণ্ডলীতে প্রবেশ করে এবং যোগদান করে। আর এটা যীশু খ্রীষ্টের মণ্ডলীর কাছে একটি ঋণ, এই ধরনের সদস্যদের ভিতরে নেওয়ার জন্য। তারা এখনও মদ্যপান করে। তারা এখনও ধূমপান করে। তারা এখনও জুয়া খেলে। তারা এখনও মিথ্যা বলে।

72 তারা গির্জায় আসে, একদল হলিউড প্রচারকদের দ্বারা আপ্যায়ন করার আশায় যারা উঠে দাঁড়ায়, অনেক গ্ল্যামার পরিধান করে, এবং অনেক বড় যন্ত্র প্ল্যাটফর্মে উপরে-নিচে স্থাপন করে।

73 যখন, তাদের একটি পুরানো ধাঁচের হওয়া উচিত, ঈশ্বর-প্রথমে, চিৎকার করা, সেখানে বেদীতে আহ্বান; যেখানে পুরুষ এবং মহিলারা গ্ল্যামারাইজ করতে আসে না, অথবা দৌড়ে এসে বিদূষকের অভিনয় করতে আসে না, কিন্তু বেদীতে আসার জন্য এবং উপলব্ধি করতে যে সেখানে যীশু খ্রীষ্টের মৃত্যু, যিনি তাদের জন্য মারা গিয়েছিলেন, যেন তারা আবার ঈশ্বরের কাছে ছলনাহীন হয়ে ফিরে আসেন।

74 আমি ভাবছি যদি আমরা সেই সময়ে বাস না করি, যে সময়ে আমরা বড় প্রচারকদের নিয়ে থাকি, অনেকের মতো যারা আজ দেশ পরিক্রমা করছেন, বড় সুপরিচিত প্রচারক যারা মনোবিজ্ঞান অধ্যয়ন করেন এবং লোকদের মণ্ডলীর প্রতি আকৃষ্ট করেন। কিন্তু আপনি একবার তাদের মণ্ডলীতে নিয়ে আসার পরে, আপনি তাদের সঙ্গে কি করতে যাচ্ছেন? তারা মণ্ডলীতে প্রবেশ করার পর তাদের কি—কি ঘটতে যাচ্ছে? শুধু মণ্ডলীতে যোগদান করা, এবং একই পাপ এবং একই ইচ্ছা নিয়ে ফিরে যাওয়া যেটা নিয়ে তারা মণ্ডলীতে আসে। তারা একই পথে ফিরে যায়। আর সেই কারণেই, আজ, বিশ্ব তাকিয়ে আছে, বলেছিলেন, "ঠিক আছে, যদি *সেই* লোকটি ধর্ম পেয়ে থাকে, যদি *এই* ব্যক্তির ধর্ম পেয়ে থাকে..."

75 আমি ভয় পাচ্ছি যে আমরা এটা খুব সহজ করে ফেলেছি। এটা, আমি ভালোবাসি...আমি মনে করি, আনন্দ, অবশ্যই, আমি বিশ্বাস করি যে সমস্ত আনন্দ যীশু খ্রীষ্টের মধ্যে নিহিত আছে। সেটা ঠিক। আমি বিশ্বাস করি এটা আনন্দদায়ক ও আনন্দময়। কিন্তু মনে রাখবেন, ভাই, এটা যন্ত্রণা এবং কষ্টের পথ ও সেই ক্রুশ। আপনাকেও সেটা বুঝতে হবে। সেটা ঠিক। আমি ভাবছি যদি আমরা এটিকে একটু বেশি—একটু বেশি মসৃণ করে ফেলেছি।

76 যেমন, আমি তাকিয়ে ছিলাম, আর আমার স্ত্রী...আমি বের হতে শুরু করলাম, আর সে আজ সকালে আমার কোটের উপর একটি

গোলাপ রেখে দেয়। সে বলল, “তোমার এটা পরা উচিত। তোমার মা জীবিত আছেন।”

আর আমি বললাম, “ওহ, প্রিয়, আমি জানি না।”

77 মাতৃ দিবসটি চমৎকার, কিন্তু এটি বিশ্বের মতো, তারা জিনিসটিকে বাণিজ্যিকীকরণ করেছে, শুধু ফুল এবং এই জাতীয় জিনিস বিক্রি করার জন্য। কেন, এটা মায়ের জন্য একটি অসম্মান। কেন, আমার মা বছরের প্রতিটি দিন আমার মা, হ্যাঁ, মহাশয়, শুধু একদিন নয়।

আমি বলব, “তুমি তোমার মাকে ভালোবাসো ?”

78 “গত মাতৃ দিবসে আমি তাকে ফুলের তোড়া পাঠিয়েছিলাম।” ঠিক আছে, ভাই, তার প্রতিদিন মা হওয়া উচিত। কিন্তু এটা বাণিজ্যিক।

79 সেই ফুলটি সুন্দর। আমি একটি সুন্দর ফুল পছন্দ করি। আমি এটা ভাবি ঠিক আমার মতো...ফুলটি কত সুন্দর। এটা প্রস্ফুটিত হয়। আর এর সুগন্ধি রয়েছে। আর পথচারীরা এর গন্ধ পায়। পশুরা আসে, গন্ধ নেয়। কিন্তু, এখন দেখুন, এটা সুন্দর। প্রভু যীশু খ্রীষ্টের মণ্ডলীর মতো, এটা সবচেয়ে মহিমান্বিত বিষয়; ঐশ্বরিক আরোগ্যকরণ, এবং ক্ষমতা, এবং বিস্ময়কর কার্য্য, এবং চিহ্ন, এবং অলৌকিক কার্য্য, এবং পাপ থেকে মুক্তি। এটা একটি সুন্দর স্থান। কিন্তু, দেখুন, যদি সেই গোলাপ...আমাদের আসতে হবে, মণ্ডলীতে, সমস্ত প্রকৃতির মতো।

80 সেই গোলাপ, সুন্দরী হওয়ায়, দেশের প্রতিটি গরু যদি পারে তবে এটিকে চাটবে। কিন্তু প্রকৃতি ছোট ছুরি সরবরাহ করে, একটি ছোট বর্শা সেখানে আটকে থাকে, যাকে কাঁটা বলা হয়, আর তারা সেগুলি ছেড়ে দেয়। সেটি এর রক্ষা করে। ঠিক তাই।

81 আর আমি মনে করি, আজ, যদি আমাদের কাছে ঈশ্বরের বাক্য না থাকে, যা দ্বিধার তরবারির চেয়েও ধারালো, ঈশ্বরের পবিত্রতার শক্তির সৌন্দর্যের চারপাশে, আমরা দেশের প্রতিটি গরুকে এটিকে চাটতে এবং কাটতে দিব। এটা ঢেকে ফেলবে। এটা মণ্ডলীর কাছে ঋণী হবে। সেটা ঠিক।

82 আমি মনে করি, আজ, আমাদের আরও যা প্রয়োজন তা হল পুরানো ধাঁচের, ঈশ্বর-আহুত সেবকদের, কাঁচা, হয়তো খুব বেশি শিক্ষা নিয়ে নয়, কিন্তু লোকদের একটি বেদীতে নিয়ে আসবে, আর সেখানে যন্ত্রণা দেয়। একটি আনন্দ সহ এবং হাসি নিয়ে নয়, আর পপিং গাম চিবিয়ে, আর একটি কাগজে তাদের নাম লিখে; কিন্তু,

ভাই, একজন বৃদ্ধ চিৎকার করে যাচ্ছে মারা যাচ্ছেন, যতক্ষণ না পুরুষ এবং মহিলারা তাদের পাপ থেকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুতপ্ত হয় এবং ঈশ্বরের নিকটে আসে। আমেন।

83 আমি আপনাদের বলছি, আমরা পেয়েছি, "আপনার হাত উপরে তুলুন, যিনি খ্রীষ্টকে গ্রহণ করতে চান," সকলে যারা এইরকম মনে করেন। সেটা ঠিক আছে, ভাই, কিন্তু সেটা—সেটা পাপকে বের করে দেয় না।

84 আপনাকে প্রথমে অনুতপ্ত হতে হবে, সঠিক হতে হবে, সেখানে নামতে হবে এবং সত্যিই চিৎকার করতে হবে। আমি সেই সময়গুলি স্মরণ করতে পারি যখন পুরানো ধাঁচের লোকেরা করিডোর দিয়ে নেমে আসতেন, এবং রাস্তায় এদিকে ওদিকে, ক্রন্দন করেন, এবং তাদের প্রতিবেশীদের সঙ্গে কথা বলেন। সেটা ছিল সেই সময়ের খ্রিস্টানরা; প্রভুর বিষয় তাদের বলেন।

85 আর, আজ, আমরা গির্জার পুস্তকে আমাদের নাম লিখি, আর বাইরে গিয়ে বাড়িতে থাকি, আর এই বিষয়ে একটি শব্দও বলি না। অসংশ্লিষ্ট। "যতক্ষণ আমরা গির্জার অন্তর্গত, এটা ঠিক আছে।" আমি নিশ্চিত যে আমরা সেখানে ভুল করছি, ভৃত্যবর্গ। পরীক্ষা করুন। কারণ, এটা বিচারের মধ্যে দাঁড়াবে না। না, মহাশয়। এটা করবে না।

86 এর চেয়ে কম নয়, "যে আমার পশ্চাৎ আসিবে, সে আপনাকে অস্বীকার করুক, আপন ক্রুশ তুলিয়া লউক, এবং প্রতিদিন মৃত্যুবরণ করুক।" মৃত থাকুন, সেখানে ক্রুশের উপর। সেটা ঠিক। মর্মবেদনা! "সেই পথ, আমি যে পথ গ্রহণ করি," আপনারা গান করেন, "প্রভুর তুচ্ছ লোকদের সঙ্গে।"

87 আমি আজ মনে করি, আমরা কি এমন একটি সময়ে বাস করছি! যে, সুসমাচার প্রচার করা, তারা এটিকে বড় বড় উজ্জ্বল আলোতে নিভিয়ে দেয়, এবং তারা চেষ্টা করে...আপনি যখন প্রচারককে শহরে আসতে দেখেন, আপনারা আশ্চর্য হয়ে যান। আমি, আমার সভাগুলি একই বিষয়ের জন্য দোষী। সেটা ঠিক। আমি ভাবছি কে শহরে আসছেন, কখনও কখনও, প্রচারক অথবা যীশু খ্রীষ্ট? কেন, তারা পেয়েছে...

88 আমি এখানে এমন একটি স্থানে গিয়েছিলাম, খুব বেশি দিন হয়নি, যেখানে একজন নির্দিষ্ট প্রচারকের আসার কথা ছিল। আর জিজাস নেম...কেন, তাদের কাছে সুসমাচার প্রচারকের ছবি ছিল, "সময়ের মানুষ," লোকটি *এটির* সাথে, আর লোকটি *ওটির* সাথে।

89 আমি, কখনও কখনও আমি আমার সেবাকার্যের কথা ভাবি, আর লোকেদের আসতে দেখি। আর আমি একটি হোটেলের ঘরে ঢুকে, বলতাম, "ঈশ্বর, লোকেরা কাকে—কাকে দেখতে আসছে, আমি অথবা আপনি?" দেখুন? "যদি তারা আমাকে দেখতে আসে, তারা হারিয়ে গেছে, তবুও; কিন্তু, হে ঈশ্বর, আমাকে ভেঙে ফেলুন, আমাকে নিয়ে যান। আমি আপনাকে প্রতিনিধিত্ব করতে চাই, যার সামনে আমরা একদিন দাঁড়াব, কম্পিত হাত নিয়ে ও কাঁপতে কাঁপতে, দুর্বল শরীর নিয়ে, আপনার দিকে তাকিয়ে। এই জেনে যে আমার প্রাণ আপনার সিদ্ধান্তে ঝুলন্ত।" আসুন আমরা খ্রীষ্টকে উচ্চ করি।

90 আজ, আপনারা বলেন, "ঠিক আছে, আমি ব্যাপটিস্টের অন্তর্গত। আমি একজন মেথডিস্ট। আমি ট্যাবারনাকেলের অন্তর্গত। আমি *এটা* করি।" ওহ, এর সাথে এর কোন সম্পর্ক নেই; কিছু না। আমি মাঝে মাঝে আশ্চর্য হই।

91 এখানে কিছুদিন আগে, আমি একটি—একটি বিজ্ঞাপন দেখেছি, যেখানে একটি নির্দিষ্ট প্রচারাভিযান শহরে আসছে। আর সেই মানুষের বাক্য, লোকটির নাম বড় বড় অক্ষরে ছড়িয়ে রয়েছে, *এইভাবে।* আর নীচে, একটি ছোট কোণে, বলে, "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই," নিচে কোণে। দেখুন?

92 তারা খ্রীষ্টের কাছ থেকে সমস্ত পবিত্রতা নিয়ে, এবং এটি কিছু মানুষের উপর, অথবা কিছু গির্জা, অথবা কিছু সংগঠনের উপর রেখে দেয়। ভাই, আমি বলছি, আপনি গ্ল্যামার নিয়ে, হলিউডের বিদূষক, এইরকম, একটি...চার্চের দ্বারা এগিয়ে যেতে পারেন। কিন্তু, যীশু খ্রীষ্টের উপস্থিতিতে, তিনিই একমাত্র মহিমান্বিত হন। সেটা ঠিক। এখন, এটাই সত্য, আমার প্রিয় ভাই ও বোনেরা।

93 আমার উপর রাগ করবেন না। আপনারা শুধু মনে রাখবেন যে আমি আপনাদের কাছে প্রচার করছি। আমি এমনভাবে প্রচার করতে চাই যেন এটিই আমার জীবনের শেষ ধর্মোপদেশ। আমি প্রচার করতে চাই, প্রতিটি ধর্মোপদেশ আমি প্রচার করি, যেন আমি একজন মৃত্যুবরণকারী ব্যক্তি, মৃত্যুবরণকারী ব্যক্তিদের কাছে প্রচার করছি। আর, আমি; আমার আলো নিভে যাচ্ছে, প্রতিদিন; আপনারাও। আর আমরা মরণশীল হয়ে মারা যাচ্ছি। আর আমাদের জীবিত ঈশ্বরের মুখোমুখি হতে হবে, এই কোন একদিন, আর আমাদের এই বিষয়ে গভীর আন্তরিকতায় থাকা ভালো।

94 শুধু একটি গ্ল্যামার, আর চালিয়ে যাওয়া, এবং মণ্ডলীতে

যোগদান করা, এবং *এখানে* এবং *সেখানে* যাওয়া, *এইভাবে* এবং *সেইভাবে* আচরণ করা।

95 আমাদের বাড়িতে পুরানো ধাঁচের প্রার্থনা সভা করা, এবং দিনরাত ঈশ্বরের কাছে ক্রন্দন করা ভালো। সেই দিন ঘনিয়ে এসেছে, "দুঃখের সময়, কষ্টের সময়।" বাইবেল বলে, "একটি অন্ধকার দিন।" আর আমরা এর মধ্যে বাস করছি।

96 এই ব্যক্তিটি কীভাবে উত্তেজনার মধ্যে সেখানে চলে গেলেন। তিনি কদুষ্ণতার সাথে, সীমান্তরেখার বিশ্বাসীর সাথে নিজেকে যোগ করলেন, এবং ভেবেছিলেন তিনি দুর্দান্ত কিছু করছেন, ভেবেছিলেন যে ঈশ্বর তাকে আশীর্বাদ করছেন। আর ঠিক তখন বুঝতে না পেরে তিনি এই সমস্ত দলটিকে তার সাথে নিয়ে আসছিলেন। কি ? "আমাদের ছোট দল, যিহূদার—এর এখানে, নেমে আসবে এবং ইস্রায়েলের বড় দলের সঙ্গে যুক্ত হবে। আমরা কত শক্তিশালী লোক হব।"

97 সেখানে এটি। আর এই প্রতারণার লাইনটি শয়তান এখন ব্যবহার করছে, খ্রীষ্টবিরোধীকে আনার জন্য; ঠিক যতটা নিশ্চিত আমি এর মধ্যে দাঁড়িয়ে আছি। "আমরা আমাদের প্রচেষ্টাগুলি একত্রিত করব।।" আমরা এটা করতে পারি না। কিভাবে দুজন একসাথে চলতে পারে, যদি তারা একমত না হয় ?

98 এই মার্কিন যুক্তরাষ্ট্র একই, একই অভিজ্ঞতা এবং একই ভুল করছে, যখন এটি রাশিয়ার সাথে একত্রিত হয়েছিল। সেই সময় তারা যুদ্ধের জন্য প্রস্তুত ছিল, এবং রাশিয়ার সাথে নিজেদেরকে আবদ্ধ করে রেখেছিল। আর এখন আপনারা দেখুন আমরা কি পেয়েছি, তাই না ? তারা আমাদের বিমান এবং আমাদের সমস্ত গোপনীয়তা, এবং আমাদের পারমাণবিক বোমা এবং সবকিছু সেখানে পেয়েছিল, এটা আমাদের দিকে উড়িয়ে দেওয়ার জন্য। একই জিনিস আধ্যাত্মিক বিষয়ের সাথে যায়।

99 তারপর আমরা খুঁজে পাই, যিহোশাফট এই মৈত্রী করার পরে, তারা পরামর্শ করেছিল। এখন দেখুন, বাইরের জগৎ দেখুন, তিনি বললেন, "অবশ্যই, আমাদের এখানে প্রচুর ভাববাদী আছেন। আমরা তাদের দ্বারা পূর্ণ একটি সেমিনারী পেয়েছি।"

100 তারা সেখানে যায় এবং প্রশিক্ষিত ব্যক্তিদের নিয়ে আসে, যারা মনোবিজ্ঞান জানতেন, যারা এই বিষয়ে সবকিছু জানতেন। বললেন, "এখন উপরে আসুন, আমরা প্রভুর কাছে প্রার্থনা করছি এবং পরামর্শ করছি।"

101 তারা সবাই, অবশ্যই, তাদের শারীরিক স্ফীত মনে, সেখানে এসে বলল, "এখন, দেখুন, আমরা...আপনি সেখানে যান। প্রভু আপনার সঙ্গে আছেন, আর প্রভু সেখানে আপনাকে সেই জমির টুকরো দিতে চলেছেন, যে, এটা আপনার হতে যাচ্ছে। আপনি সিরিয়ানদের পিছনে ঠেলে দিতে যাচ্ছেন। আপনি এটা করতে যাচ্ছেন।" তাদের মধ্যে একজন এমনকি নিজের জন্য একজোড়া লোহার শিং তৈরি করে, আর *এইভাবে* দৌড়াতে শুরু করে, এই বলে, "এটাই, আপনি সিরিয়ানদের দূরে ঠেলে দিতে যাচ্ছেন।"

102 কিন্তু, যিহোশাফট, আরেকটু বেশি আধ্যাত্মিক, সেই বিদূষকের সেই মূর্খতাকে সহ্য করার জন্য। সেটা ঠিক।

103 ঈশ্বর, আমাদের আরও কিছু যিহোশাফট দিন, অসুস্থ এবং ক্লান্ত, এখানে এই হলিউড বিদূষকের থেকে। এটা ঠিক, পরিধান করা, এমন কিছু হওয়ার ভান করা যা তারা নয়; তৈরি করা, নাটক করা, অঙ্কন করা। আর তারপর যখন তারা ভিতরে আসে, আপনি যখন প্রবেশ করেন তখন আপনার কাছে কি ছিল? একজন মানুষকে জিজ্ঞাসা করার মতো, "একটি মরুভূমিতে সাঁতার কেটে আসুন"। আপনার মাথার উপর উপসাগরীয় বালি ছাড়া আর কিছুই নয়, পরবর্তী দুঃখের জন্য।

104 এখন লক্ষ্য করুন, আপনি তাদের কিসের মধ্যে আনতে পারেন? একদিন একজন ভদ্রমহিলা আমাকে বললেন, "একজন ব্যক্তি বললেন, 'আমি গির্জায় যাব, কিন্তু যখন গির্জায় যাই তখন আমি কি—কি পাব?' বললেন, 'তারা যা করে তা হল কিছু নৈশভোজের আয়োজন, আর তারা...*এটা*, *সেটা* এবং *অন্য* বিষয়ে।'" আর ভদ্রমহিলা বললেন, "আমি বাকরুদ্ধ হয়ে দাঁড়িয়ে ছিলাম, কারণ আমি জানতাম না তাকে কোথায় পাঠাতে হবে।" সেখানে আপনি। বললেন, "আমি আশা করি আমি একটি পুরানো গির্জা খুঁজে পেতাম যেখানে তারা সত্যিই পুরানো ধাঁচের স্তোত্র গায় এবং ঈশ্বরীয় জীবনযাপন করে।"

105 শিশুরা ক্ষুধার্ত, তারা আবর্জনার পাত্র থেকে খাবে। এটা জীবন্ত ঈশ্বরের মণ্ডলীর উপর নির্ভর করে যে তারা ঈশ্বরের...ঈশ্বরের প্রকৃত জীবন্ত বাক্য খাওয়াবে।

106 সেখানে, সেই সমস্ত চাকচিক্য এবং বিষয়বস্তুতে, যিহোশাফট বলেছিলেন, "সেখানে কি আর একজন নেই?"

107 "আরও একজন?" আহাব বললেন। "ঠিক আছে, আপনার আরও একজনের কি দরকার? আমাদের দেশে চারশত সেরা,

নির্বাচিত, শিক্ষিত, উত্তম খাদ্য দেওয়া, পোশাক পরিহিত পুরুষরা এখানে দাঁড়িয়ে আছেন। তারা প্রত্যেকে এক সম্মতিতে, এক হৃদয়ে, এবং এক রবে বলে, 'যাউন ! ঈশ্বর আপনার সঙ্গে আছেন।'"

108 আমি আশ্চর্য হই যে মার্কিন যুক্তরাষ্ট্র একই জিনিসটি করেনি। আমি ভাবছি যদি ঈশ্বরের মণ্ডলী একই জিনিস করেনি। আমি আশ্চর্য হই। "ঠিক আছে," বলুন, "দেখুন, তারা সফলতা পাচ্ছে। তারা দুর্দান্ত, বড় সভা করছে। তারা একবারে হাজার হাজার লোক নিয়ে আসছে।" কিন্তু আমি ভাবছি সেখানে কি আর একজন নেই। আমি ভাবছি সেখানে কি ভিন্ন কিছু নেই।

109 আমরা খুঁজে পাই, আমরা ছয় সপ্তাহে ত্রিশ হাজার ধর্মান্তরিত পেয়েছি, আর ছয় সপ্তাহ পরে আমরাদের একজনও নেই। সেখানে কোথাও কিছু ভুল আছে। সেটা ঠিক। আর এটা সব গ্ল্যামার, পরিধান করা। বিশ্ব, টেলিভিশনের মাধ্যমে, রেডিওর মাধ্যমে, ছবির অনুষ্ঠানের মাধ্যমে, এবং সেখানে সেই আউটলেটগুলি, হলিউডের বাজে কথা দিয়ে এই জাতিকে কলুষিত করেছে। সেটা ঠিক। সবকিছু বড় গ্ল্যামারে হতে চায়। এটাই কি সত্য নয় ? আপনারা জানেন এটাই সত্য। আমাদের কাছে বহু বছর আগে যে পুরানো ধাঁচের ধর্ম ছিল তা আর নেই। কারণ এটা নামিয়ে দেওয়া হয়েছে। আমরা এটিতে যাবো, কিছুক্ষণের মধ্যে, আপনারা দেখতে পাবেন।

110 কেন, কি সুন্দর ছবি, অথবা একটি আলোড়ন সৃষ্টিকারী ছবি, আমার বলা উচিত। আর এখানে এসে এই যিহোশাফট বললেন, "হ্যাঁ, আমি তাদের সবাইকে দেখছি। তারা, প্রত্যেকে, তাদের ডিগ্রি পেয়েছে," আর যাই হোক না কেন। "তারা সকলেই ভাববাদী অথবা মহান সেবক হবেন। তারা বড় কলেজের থেকে এসেছে। আর তারা এই সব। তারা ভবিষ্যদ্বক্তাদের বড় বিদ্যালয়ের থেকে এসেছে, এবং সবকিছু। তারা সবাই একমত। সেটা সত্য। কিন্তু সেখানে কি আর একজন নেই ?"

111 "আচ্ছা, আপনার আর একজনের কি দরকার, যখন চারশত জন সম্মতি দিচ্ছে ?"

112 কিন্তু সেই ব্যক্তি, তার হৃদয়ে ঈশ্বর ছিলেন। আর তিনি জানতেন যে এই বিষয়ে সেখানে কিছু ভুল ছিল। হ্যাঁ, মহাশয়। তিনি জানতেন সেখানে কিছু পচে গেছে। কেন ? আমাকে আপনাদের দিতে দিন... শাস্ত্র এটা উদ্ধৃত করে না, কিন্তু আমি যা পেয়েছি তা এখানে। আমি জানি—যে যিহোশাফট জানতেন যে সেখানে সেই ভণ্ড, আহাব, যে তিনি ঈশ্বরের সঙ্গে সঠিক ছিলেন না। আর এলিয় তার কাছে

ঈশ্বরের বাক্য ভবিষ্যদ্বাণী করেছিলেন। আর ঈশ্বর যাকে অভিশাপ দিয়েছেন তাকে কীভাবে আশীর্বাদ করতে পারেন ? আমেন।

113 আমি আজ একই কথা বলছি, বন্ধু। আর জীবন্ত ঈশ্বরের মণ্ডলী, যারা ঈশ্বরের প্রতি সত্য ভাবে দাঁড়িয়েছে, একই কথা বলবে। আপনি তেল এবং জল একসাথে মিশ্রিত করতে পারেন না এবং এটিকে পরিত্রাণ বলতে পারেন না। আপনি পারবেন না। নিজেকে আলাদা করতে হবে, ভাই। কিছু একটা হতে হবে। যদি কোন আশা অবশিষ্ট থাকে, আমাদের কিছু করতে হবে, এবং দ্রুত এটি করতে হবে; কারণ, স্বর্গারোহণের সময় নিকটে।

114 জিনিসগুলি স্তুপ করা হচ্ছে, সবকিছু, এবং গির্জা অনেক দূরে। তারা সব ধরণের পত্রিকা, বই, গল্প এবং সবকিছু পড়ে। আমি আজ একটি...আমি একটি গির্জায় যেতে পারি, আর আমি বলতে পারি, "ওহ, কতজন জানেন..." তারা প্রতিটি স্তোত্র জানে, এই বড় পুনরুজ্জীবনের পরে। "এখন, কোন—কোন পৃষ্ঠায় নির্দিষ্ট-নির্দিষ্ট স্তোত্র আছে ?" তারা এটা জানে। তারা জানে এটা কে। তারা জানেন কে রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন, আর কে *এটির* জন্য দৌড়াচ্ছেন, আর কতজন চলচ্চিত্র তারকা বিবাহ করেছেন, *এটা* এবং *সেটা*, *অন্যটা*। কিন্তু, ঈশ্বরের বাক্য, তারা কিছুই জানে না। সেখানে আপনি। তাই আমরা তাদের গ্লা-...আর, তবুও, তারা খ্রিস্টান বলে দাবি করে।

115 আর জনগণের দোষ নেই। এটি প্ল্যাটফর্মের পিছনে, যেখান থেকে এটি এসেছে। ঠিক তাই। এটা প্ল্যাটফর্মের পেছন থেকে। তারা তাদের সব ধরণের ছন্দ শেখায়, এবং সব ধরণের *এটা* ও *সেটা*, এবং সংগঠনগুলি, এবং কিভাবে যুবদল তৈরি করতে হয়, এবং এইরকম সবকিছু। আমি ভাবছি এটা পরিশোধ করা হয়েছে কিনা। এর বিরুদ্ধে কিছুই নেই, কিন্তু আমি ভাবছি যে এটা ঈশ্বরের প্রয়োজন কিনা।

116 যখন, যীশু বলেছেন, "যদি কোন মানুষ জল ও আত্মা দ্বারা জন্মগ্রহণ না করে, সে কোন মতেই রাজ্যে প্রবেশ করতে পারবে না। যে চায়-...আমাকে অনুসরণ করবে, সে নিজেকে এবং তার নিজের পার্থিব আনন্দকে অস্বীকার করুক, তার ক্রুশ তুলে নিয়ে আমার অনুসরণ করুক।" *ক্রুশ* হল "মৃত্যু, যন্ত্রণার" প্রতীক। "যে একজন খ্রিস্টান হবে, সে তার নিজের চিন্তা থেকে নিজেকে খুলে ফেলুক। সে তার নিজের কাজ থেকে নিজেকে খুলে ফেলুক। সে নিজেকে সবকিছু খুলে ফেলুক, নিজেকে অস্বীকার করুক, এবং সেই

পবিত্র ক্রুশটি তুলে নিয়ে, এবং প্রতিদিন আমাকে অনুসরণ করুক। যে আমার অনুসরণ করবে, সে তা করুক।” এটাই যীশু বলেছেন।

117 কিন্তু, আজ, আমরা বলি, “প্রত্যেকের একটি বড় সময় আছে। সবাই হাততালি দিন। সবাই চিৎকার করুন, ‘হালেলুইয়া!’ সবাই *এটা* করুন।” ওহ, আমরা কিভাবে একগুচ্ছ হট্টগোল পেয়েছি! আমেন। ঈশ্বর...আমরা এই নতুন গানগুলি বের করি এবং এত দ্রুত গাই, যেন মনে হচ্ছে আমরা তাদের সঙ্গে প্রাচীর ভেদ করতে যাচ্ছি, অথবা এরকম কিছু।

118 যখন, আমি মনে করি, যদি আমরা গান করি *আরও কাছে, আমার ঈশ্বর, আপনার কাছে,* মণ্ডলীর জন্য অনেক ভালো হবে; পুরানো দিনের স্তোত্র।

119 অনেক নাচের অর্কেস্ট্রা লোকদের নিয়ে আসুন, গত রাতে এখানে একটি নাচের অর্কেস্ট্রায় কোন ছেলে বাজাচ্ছিল, আর আজ রাতে এখানে জীবন্ত ঈশ্বরের মণ্ডলীতে বাজাচ্ছে? এটা ঈশ্বরের দৃষ্টিতে ঘৃণ্য। সেই মানুষটিকে প্রথমে প্রমাণিত হতে দিন, এবং সে ফল নিয়ে আসুক, অনুতাপের জন্য মিলিত হোক, দেখাতে যে সে ঈশ্বরের সঙ্গে সঠিক।

120 তারা জ্যাজ বিশ্বকে সরাসরি প্ল্যাটফর্মে নিয়ে আসে। তারা হলিউডকে নিয়ে আসে, গ্ল্যামারাইজিং প্রচার, সরাসরি প্ল্যাটফর্মের মধ্যে।

121 কেন, আমি কয়েক সপ্তাহ আগে, লুইসভিলে, কেন্টাকিতে আপনার মেলা শহরে যাই নি? আমার হৃদয় ভেঙে যায়, যখন তারা সবাই সেখানে বসে ছিল, ঈশ্বরের অলৌকিক কাজগুলি দেখার জন্য; আর যখন আপনি সুসমাচার প্রচার করেন, তারা এক সেকেন্ডের মধ্যে ভরে যেত, এবং তাদের মুখ ফিরিয়ে ভবন থেকে বেরিয়ে যেত। অবশ্যই। তারা এটা চায় না। তাদের হৃদয় কঠিন হয়ে গেছে। বেরিয়ে আসা; এবং তাদের অনেকে, প্রোটেস্ট্যান্ট, এমনকি, যারা প্রোটেস্ট্যান্ট গির্জায় যায়। কিন্তু তারা পূর্ণ ছিল...এত গ্ল্যামারে পূর্ণ এবং এই জাতীয় সবকিছু, মূর্খতাতে এবং গির্জাবাদে, যতক্ষণ না তারা জীবন্ত ঈশ্বরের আত্মা সম্বন্ধে কিছুই না জানে। “এক প্রকার ঈশ্বরস্বরূপতা ধারণ করে, এবং তার শক্তিকে অস্বীকার করে।”

কি একটা দিনে আমরা বাস করছি। এটি কোথায় স্তুপ হয় তা দেখুন।

122 যিহোশাফট বললেন, “আমি জানি, আহাব। সেখানে আপনার চারশ প্রচারক আছে। তারা সবাই দেখতে সুন্দর, তাদের প্রত্যেকেই

পোশাক পরিধান করেছে এবং তাদের চুল সুন্দরভাবে আঁচড়ানো, আর সবকিছু, তারা যাই হোক না কেন। তাদের ডি.ডি. থাকতে পারে। তাদের সব ধরনের ডিগ্রি থাকতে পারে। তারা হয়তো শাস্ত্র জানে, প্রথম থেকে শেষ পর্যন্ত। কিন্তু আপনার কি আর একজন নেই, কোথাও ? সেখানে কি আর একজন নেই, কোথাও ?"

123 তিনি বললেন, "হ্যাঁ, আরও একজন আছে, কিন্তু আমি তাকে ঘৃণা করি।" সেখানে এটি। সেখানে এটি। "আমি তাকে ঘৃণা করি।" মনে রাখবেন, আহাব একজন ধার্মিক ব্যক্তি ছিলেন, এবং এরা ধর্মীয় শিক্ষক ছিল, কিন্তু তারা এই ব্যক্তিকে ঘৃণা করতেন যার কাছে সত্য ছিল। বললেন, "আমি তাকে ঘৃণা করি।" বললেন, "সে সবসময় আমার বিরুদ্ধে কিছু বলে যাচ্ছে।" কিভাবে তিনি এটা করা থেকে বিরত থাকতে পারেন, যখন ঈশ্বরের বাক্য তাকে দোষী করেছিল ?

124 আপনি কিভাবে স্থির থাকতে পারেন যদি আপনি ঈশ্বরের পুরুষ হন, অথবা ঈশ্বরের একজন মহিলা হন, আর পাপ এবং বিষয়গুলি জানেন এবং দেখতে পারেন, স্তুপ করা এবং ওজনযুক্ত, এবং এইরকম সবকিছু; আর দেখেন মানুষের প্রাণ নরকে যাচ্ছে; একদিনে লক্ষ লক্ষ; আর স্থির থাকেন ? আপনি এটা করতে পারবেন না।

অন্য দিন কেউ আমাকে বলেছিল, বলেছিল, "আপনি মনে করেন আপনি এটা থামাতে পারবেন ?"

125 আমি বললাম, "না। আমি এটা বন্ধ করতে পারি না, কারণ ঈশ্বর বলেছেন। কিন্তু একদিন, বিচার দণ্ডে, তারা বড় পর্দা টানতে চলেছে, ওদিকে ক্যামেরার ফ্ল্যাশ, আর সেই টেপ রেকর্ডিং চালানো হবে। আর আমি দাঁড়িয়ে এটা শুনতে যাচ্ছি; আমি এর বিরুদ্ধে আমার রব শুনতে চাই। আমার রব এর বিরুদ্ধে গেলে ঈশ্বর আমার বিচার করবেন।" হ্যাঁ, মহাশয়। যখন আমরা এই জীবন দেখি, এই প্রজন্ম, বিচারের সময় আবার নতুন করে প্রয়োগ করা হয়। অবশ্যই। আমরা একটি ভয়ানক সময়ে বাস করছি। আর এটা সেখানেই।

আর আমরা তাকে করতে দেখি...তিনি বললেন, "আর একজন কি সেখানে নেই ?"

126 তিনি বললেন, "হ্যাঁ, কিন্তু আমি তাকে ঘৃণা করি, কারণ সে সর্বদা আমার বিরুদ্ধে মন্দ ভাববাণী বলে।"

127 কীভাবে তিনি সেই কঠিন বিষয়গুলি প্রচার করা থেকে বিরত থাকতে পারেন, যখন তিনি দেখেন যে এটি চলছে ? দেখুন আহাব তার মতো জীবনযাপন করছেন এবং তার পছন্দ মতো করছেন, এবং লোকদের তাদের মতো করে নিয়ে আসছেন।

128 কিভাবে একজন ঈশ্বরের পুরুষ, অথবা ঈশ্বরের একজন মহিলা, চারদিক থেকে গর্জন ও তিরস্কার করা থেকে বিরত থাকতে পারেন ? যখন, তারা এই কদুষ্ণ প্রচারকদের, এবং গ্ল্যামারাইজারদের, এবং শিক্ষাবিদদের, এবং এইরকম আরও অনেককে দেখে, লোকদের নরকে যেতে দেয়, লক্ষ লক্ষ লোক, প্রতারণার অধীনে; অনেক... এমনকি হোলিনেস লোকরা। আমি মেথডিস্ট এবং ব্যাপটিস্টদের সম্পর্কে এত কথা বলছি না, এবং এই জাতীয় বিষয়গুলি সম্পর্কে; তাদেরও এটা আছে। কিন্তু এটা ঠিক আপনার নিজের পদমর্যাদার নিচে আছে।

129 আমার, প্ল্যাটফর্মে আসছে, খ্রিস্টান ছাড়া অন্য সবকিছুর মতো, অন্য সবকিছুর মতো জীবনযাপন করছে, বিভিন্ন দেশ এবং বিষয় জুড়ে, তারপর তারা এটিকে বলে “ধর্ম।” এটি একটি ধর্ম, কিন্তু এটি প্রভুর পরিত্রাণ থেকে অনেক দূরে। সেটা ঠিক। তারা লোকদেরকে শুধু একটি তৈরী করা বড় দলে নিয়ে এসেছে। তারপর যখনই সেই তৈরী করা জিনিসটি শেষ হয়ে যায়, তারপর, প্রথম জিনিসটি আপনারা জানেন, আপনি তাদের একটিও খুঁজে পাবেন না; গির্জা খালি হয়ে যাচ্ছে। ভাই, যদি একজন মানুষ ঈশ্বরকে ভালবাসেন, তিনি প্রতিবার মণ্ডলীতে তার আসন পূরণ করবেন। তিনি এর থেকে দূরে থাকতে পারেন না। সেটা ঠিক।

130 এখন লক্ষ্য করুন, মাত্র কয়েক মিনিট। আমি তাড়াহুড়ো করার চেষ্টা করব, এখন সরাসরি উদ্দেশ্যে পৌঁছানোর চেষ্টা করব, কারণ আমার সময় চলে যাচ্ছে।

লক্ষ্য করুন, তারপর তিনি বললেন, “সেখানে কি আর একজন নেই ?”

131 তিনি বললেন, “হ্যাঁ, কিন্তু আমি তাকে ঘৃণা করি। সে সবসময় আমার বিরুদ্ধে ভবিষ্যদ্বাণী করে। সে আমার বিরুদ্ধে খারাপ কথা বলছে।”

“ঠিক আছে,” বললেন, “যাও তাকে নিয়ে এসো।”

তিনি বললেন, “তার নাম মীখায়।”

132 কিন্তু এই লোকটির কাছে যথেষ্ট ধর্ম ছিল এটি জানার জন্য যে এই ব্যক্তিরা সঠিক নয়।

133 আর যে কোন ব্যক্তি যাকে স্পর্শ করা হয়েছে, সামান্যতম অংশে, ঈশ্বরের আত্মা দ্বারা, জানেন যে এই বিষয়গুলি, যাকে আজ খ্রিস্টধর্ম বলা হয়, সঠিক নয়। “তোমরা জগৎকে প্রেম করিও না,

জগতীস্থ বিষয় সকলও প্রেম করিও না। কেহ যদি জগৎকে প্রেম করে, তবে ঈশ্বরের প্রেম তাহার অন্তরে নাই।” বাইবেল তাই বলে।

এখন দেখুন। তিনি বললেন, “যাও তাকে নিয়ে এসো।” আর তারা সেখানে যায়।

134 আর তারপর তিনি একজন ছোট বার্তাবাহককে পাঠালেন, গির্জার ডিকন, সম্ভবত, অথবা কাউকে, সেখানে গিয়ে বললেন, “এখন দেখ, মীখায়, আহাব ও যিহোশাফটের সামনে আমরা তোমাকে সেখানে নিয়ে যাব। এখন, তারা দুজনেই সেখানে বসে আছেন, আর তারা এখন মহান পুরুষ। তারা শিক্ষক এবং তারা পণ্ডিত। আর তারা তাদের ডিগ্রি পেয়েছে, ইত্যাদি। আর আমাদের প্রতিটি সেমিনারিতে, আমাদের প্রতিটি গির্জা এখানে, এই বিষয়ে একমত যে এটাই প্রভুর ইচ্ছা। এখন, আপনি একই কথা বলুন যা তারা বলে, আর, আমি আপনাকে বলব, আপনি আরও ভালো পোশাক পরিধান করে একটি ক্যাডিল্যাক গাড়িতে চড়বেন। আমি আপনাকে বলছি, আপনি যদি তা করেন তবে আপনি একজন মহান ব্যক্তি হবেন। হ্যাঁ, মহাশয়। আপনি উন্নতি লাভ করবেন।”

135 মীখায় বলেছিলেন, “জীবন্ত সদাপ্রভু ঈশ্বরের দিব্য, আমি কেবল ঈশ্বর যা বলবেন তা বলব।” আমেন। হ্যাঁ। ওহ, সেখানে আমার হৃদয়ের মতো একজন মানুষ আছেন। “আমাকে রুটি খেতে ও জল পান করতে হতে পারে,” যা তিনি করেছিলেন, “এটা করার জন্য।” তার এক গালে এবং অন্য গালে আঘাত হতে পারে, আরও যাই হোক না কেন, কিন্তু তিনি সত্য বলেছিলেন এবং এর পাশে দাঁড়িয়েছিলেন। ঈশ্বর এটা সত্য বলে নিশ্চিত করেছেন। তিনি এত জনপ্রিয় ছিলেন না, কিন্তু তিনি ঈশ্বরকে জানতেন।

136 সেখানে ছোট বৃদ্ধ মীখায়কে নিয়ে আসেন। তিনি বললেন, “ঠিক আছে, মীখায়, আপনি এই বিষয়ে কি বলেন ?”

137 তিনি বললেন, “যাত্রা করুন। যাত্রা করুন।” বললেন, “যাত্রা করুন, শান্তিতে। এগিয়ে যান, উন্নতি লাভ করুন, আমি চাই আপনি ঠিক এটাই করুন। কিন্তু আমি ইস্রায়েলকে মেষের মতো, মেষপালকবিহীন, পাহাড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকতে দেখেছি। এটাই,” তিনি বললেন।

138 আর যখন তিনি এমন করলেন; আর আহাব যিহোশাফটের দিকে ফিরে বললেন, “আমি আপনাকে কি বলেছিলাম ? সেই পবিত্র-গড়ানো...” অথবা, কি, ক্ষমা করবেন, অথবা, যাই হোক না কেন; সেই লোকটি বলল, “সে...আমি আপনাকে কি বলব ?

সেই লোকটি কেবল আমার বিরুদ্ধে মন্দ—মন্দ ভবিষ্যদ্বাণী করবে। আমি কি বলেছিলাম? ‘তিনি কেবল আমাদের গির্জার নিন্দা করেন, এবং আমাদের সেবকদের নিন্দা করেন, এবং আমাদের ধর্মের পথের নিন্দা করেন।’ আমি আপনাকে কি বলেছিলাম? তিনি এটা বলতেন। আমি তাকে জানি। আমি তার পিতাকে তার আগে থেকেই চিনতাম।” আমেন। “আমি তার পিতাকে তার আগে থেকেই চিনতাম।” আহ্-হাহ্, হ্যাঁ, মহাশয়, ঈশ্বরের একজন প্রকৃত পুরুষ। বললেন, “আমি জানতাম সে এটা বলবে।”

139 আর তাই তিনি বললেন, “হ্যাঁ,” বললেন, “আমি ইস্রায়েলকে মেষের মতো, ছড়িয়ে ছিটিয়ে, মেষপালক ছাড়া, পাহাড়ে দেখেছি।” আর তাই তিনি বললেন, “আমি দে-...”

140 আর তখন সেই ব্যক্তিদের মধ্যে একজন যার বড় শিং ছিল, ধাক্কা দিয়ে চলে যাচ্ছিল, একজন প্রচারক, এগিয়ে গিয়ে ছোট মীখায়কে টেনে আনলেন, এবং তার মুখে যতটা সম্ভব জোরে মারলেন, বললেন, “ঈশ্বরের আত্মা যখন আমার মধ্য থেকে চলে গেলেন তখন কোন পথে গিয়েছিলেন? যদি আপনারা জানেন।”

141 বললেন, তিনি বললেন, “আপনি এখানে কারাগারে বন্দী হওয়া পর্যন্ত অপেক্ষা করুন, আর আপনি জানতে পারবেন এটি কোন পথে গিয়েছিল।” সেটা ঠিক।

142 অপেক্ষা করুন যতক্ষণ না রাশিয়া এখানে যাত্রা করে, দেশগুলি এবং এই জাতীয় জিনিসগুলি এবং এই দেশটি দখল করে, কারণ এর পশ্চাদপসরণ, এবং আপনি দেখতে পাবেন কোনটি সঠিক এবং কোনটি ভুল ছিল। সেটা ঠিক। আপনি দেখতে পাবেন যে আপনার কদুষ্ণ ধর্ম সুফল প্রদান করবে কি না।

143 এই জাতি অশ্রুতে আসুক, হাসি-নাটকে না আসুক। এই জাতি অনুতাপের মধ্যে নতজানু হয়ে আসুক। এটাই আমাদের প্রয়োজন। মণ্ডলীতে প্রচুর লোককে পাওয়ার জন্য একটি পুনরুজ্জীবন নয়। আমাদের প্রতিটি মদের আসর বন্ধ করতে হবে, সমস্ত সিগারেট ধূমপান বন্ধ করতে হবে, কারখানাগুলি ভেঙে দিতে হবে। একটি বাস্তব, পুরানো ধাঁচের, পবিত্র আত্মার প্রচার শুরু করতে হবে; যেখানে পুরুষ এবং মহিলারা, দিনরাত, ভূপাতিত হয়ে, ক্রন্দন করছেন। আমি আপনাকে বলব, এটি এই জাতির সবচেয়ে বড় আশ্রয় হবে। সেটা সত্য।

144 ব্রানহাম ট্যাবারনাকল তার মূর্খতা ত্যাগ করুক। এটিকে এখানে বেদীতে ফিরে আসতে দিন এবং ঈশ্বরের সাথে ঠিক হতে দিন।

প্রতিবেশীদের সঙ্গে মেলামেশা করুন, এবং এইরকম আরও অনেক কিছু, এবং ঈশ্বরের সঙ্গে মিলিত হন। আপনার কোন হৈচৈ এবং এভাবে চালিয়ে যাওয়া থাকবে না; এটা বিশ্বের আকর্ষণের স্থান হবে। সেটা ঠিক। এখন, এটাই সত্য।

145 তারপর তিনি বললেন, "ঈশ্বরের আত্মা আমার মধ্য থেকে কোন পথে চলে গিয়েছিলেন ?"

146 আর মীখায় বলেছিলেন, "আমি ঈশ্বরকে, এবং তাঁহার বাহিনীকে, তাঁহার সভাকে মহিমাতে অধিষ্ঠিত হতে দেখেছি।"

147 আপনারা জানেন, ঈশ্বর সেখানে একটি সভা করেন, মাঝে মাঝে। তিনি—তিনি তার—তার স্বর্গদূতদের নিয়ে আসেন এবং একটি—একটি সভার আয়োজন করেন, মাঝে মাঝে, স্বর্গে।

148 আর তিনি বললেন, "আমি তাকে সিংহাসনে বসে থাকতে দেখেছি, আর সমস্ত লোক তাঁহার ডান ও বামদিকে দাঁড়িয়ে ছিল।" আর বললেন, "তারা আলোচনা করছিল, 'আমরা কাকে প্রেরণ করতে পারি এবং আহাবকে প্রতারিত করতে পারি, তাকে এখান থেকে বের করে আনতে এবং এলিয়র ভবিষ্যদ্বাণী পূর্ণ করতে ? ঈশ্বর তাই বলেছেন, কি ঘটতে যাচ্ছে, তাই আমরা শুধু দেখব কে সেখানে যেতে পারে।'

149 "আর একটি মিথ্যাবাদী আত্মা নিচ থেকে উঠে আসে," অবশ্যই, নরক থেকে, "ঈশ্বরের সামনে এসে বলল, 'আমি নিচে যাব, আর আমি সেই প্রচারকদের মধ্যে প্রবেশ করব এবং তাদের সকলকে মিথ্যা ভবিষ্যদ্বাণী করতে বাধ্য করব।'" ওহ, এটা কি তাদের উড়িয়ে দিয়েছিল। এটা কি তাদের হাস্যকর বোধ করিয়েছিল, যখন, "তারা বলেছিল, 'আমি গিয়ে সেই প্রচারকদের, তাদের প্রত্যেককে, মিথ্যা ভবিষ্যদ্বাণী করতে বাধ্য করব।'" আর সে নেমে এসে সেই প্রচারকদের মধ্যে প্রবেশ করে, আর তারা মিথ্যা ভবিষ্যদ্বাণী করতে শুরু করে।

150 আর, ভাই, একই ঈশ্বর আজ একই সিংহাসনে শাসন করছেন। আর সেই একই মিথ্যাবাদী আত্মা আজ একই কাজ করেছে, মিথ্যা ভবিষ্যদ্বাণী করেছে।

151 তারা বলতে থাকে, "শান্তি, শান্তি, শান্তি," প্রথম বিশ্বযুদ্ধের পরে।

152 এটা কোথা থেকে এসেছে তা আমাকে দেখাতে দিন। প্রথম বিশ্বযুদ্ধে, যখন ফ্রান্স, সেখানে, ঈশ্বর থেকে মুখ ফিরিয়ে নেয়, তাদের সমকামী নব্বইয়ের দশকে, আর শুরু করে...

153 এখন আমি নৈতিকতার উপর একটু আলোচনা করতে যাচ্ছি, যাতে আপনারা সবাই কয়েক মিনিটের জন্য শান্ত হন।

154 দেখুন, সেখানে পিছনে, শুরুতে, ফ্রান্সে, সেখানে একগুঁয়েমি এবং নোংরামি প্রথম শুরু হয়েছিল। পৃথিবীতে যদি কখনও ইঁদুরের গর্ত থেকে থাকে, তবে এটি প্যারিস, ফ্রান্স। আর আমি এর বেশিরভাগই ভ্রমণ করেছি, আর এটাই আমার দেখা সবচেয়ে খারাপ স্থান। আর লন্ডন, ইংল্যান্ড খুব একটা ব্যতিক্রম নয়। আর মার্কিন যুক্তরাষ্ট্র ঠিক এর সঙ্গে তাল মিলিয়ে আসছে। সেটা ঠিক। সেখানে তারা।

155 প্রতিবার যখন আপনি নারীত্বের নৈতিকতা ভেঙেছেন, আপনি জাতির মেরুদণ্ড ভেঙে দিয়েছেন।

156 এখানে আপনি তাদের নিজ দেশে যান, আর বলেন আপনি একজন ধর্মপ্রচারক, তারা পছন্দ করে না...বলে, "আপনি আমাদের কি করতে বলবেন, কিভাবে আমাদের স্ত্রীদের সম্পর্কে অথবা আমাদের মেয়েদের সম্পর্কে নোংরা গান গাইতে হয়? আপনি আমাদের বলবেন কিভাবে আমাদের স্ত্রীদের বিবাহবিচ্ছেদ দিতে হয়? আমাদের শেখাবেন কিভাবে হুইস্কি পান করতে হয় এবং আমরা যে পথে যাই সেভাবে যেতে হয়?" সেটাই আমরা।

157 আমরা নিজেদেরকে ধর্মীয় জাতি বলি, খ্রিস্টান জাতি। ঠিক আছে, আফ্রিকার "বিধর্মীরা" আমাদের নৈতিকতা শেখাতে পারে, কীভাবে বাঁচতে হয়। সবচেয়ে পচা স্থান, মার্কিন যুক্তরাষ্ট্রে, অথবা, বিশ্বে, প্রায়, এই জাতিটি, এটি যেভাবে আছে। আমি একজন আমেরিকান, অবশ্যই। কিন্তু, ভাই, আমি ছেড়ে দিতে পারি না, যখন আহাব অথবা যিহোশাফটের আগে থেকে...আর আমাকে বলতে হবে ঈশ্বর যা বলেন সেটাই সত্য। আজ মণ্ডলীর এর জন্য দাঁড়ানো দরকার। যদি এটি জাতি এবং ঈশ্বরের মধ্যে আসে, তবে এটি ঈশ্বর, সর্বদা। হ্যাঁ, মহাশয়।

158 লক্ষ্য করুন, ফ্রান্সে, তারা তাদের সমস্ত পচন শুরু করেছিল, এবং তারা যেভাবে সেখানে বাস করেছিল সেই পথে চলতে থাকে। আর তখন ঈশ্বর জার্মানিকে তাদের কাছে পাঠালেন, তাদের একটু প্রহার করার জন্য। তারপর আমরা তাদের চামড়া বাঁচাতে সেখানে যাই। আর যখনই আমরা সেটা করেছি, এবং যুদ্ধে জয়ী হই, জার্মানদের ফেরত পাঠাই, ফ্রান্সের সাথে শান্তি স্থাপন করি, তারা কি ঈশ্বরের দিকে ফিরে গিয়েছিল? না, মহাশয়। নারী, দ্রাক্ষারস, ব্যভিচার, পাপ এবং সম্পূর্ণ নোংরা।

159 তখন তারা কি করল? কি হয়েছে? এখানে সে শুরু করেছিল। শয়তান সেখানে তার সদর দপ্তর স্থাপন করে। সে সেখান থেকে শুরু করেছিল, ঠিক সেখানেই, বিশ্বকে নীতিভ্রষ্ট করার জন্য, প্যারিস, ফ্রান্স থেকে।

160 তারপর, যদি আপনি লক্ষ্য করেন, সে এখানে সেবাকার্যের মাধ্যমে প্রবেশ করতে পারে নি, তাই সে যা করেছে তা হল সেখানে হলিউডে এসেছে। সে স্থাপন করেছে হ-...সে এখানে হলিউডে তার সদর দপ্তর স্থাপন করেছে। শয়তান এখানে পদার্পণ করেছিল, কয়েক বছর আগে, পনেরো বা কুড়ি বছর আগে, তার বড় সেনাবাহিনী নিয়ে, এবং চলে যায়, হলিউডে আঘাত করে, ক্যালিফোর্নিয়ায়। আর সে তার দানবীয় শক্তি দিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র আক্রমণ করে। ঠিক। আমাদের সমস্ত ফ্যাশন প্যারিস থেকে আসে। তারা এটি হলিউডে, পর্দায় নিয়ে আসে। এই ছোট মেয়েরা এবং ছোট ছেলেরা, এবং জিনিসগুলি, এখান থেকে বেরিয়ে আসে, তারা তাদের পর্দায় নাটক দেখে।

161 সুন্দর ছোট বাচ্চারা, ভালো ছোট বন্ধুরা, তাদের বিরুদ্ধে কিছুই নেই। ঈশ্বর তাদের ছোট্ট হৃদয়কে আশীর্বাদ করুন। আমার হৃদয়ে তাদের জন্য রক্তক্ষরণ হয়।

162 আর ঠিক এখানে শহরে, আমি আমার...একজন...আমার ছেলের সাথে কথা বলছিলাম, অন্য দিন। সে বলল, “বাবা, যদি সেখানে আশেপাশে কিছু ছেলে থাকত, শহরে, যাদের পবিত্র আত্মা ছিল,” ইত্যাদি। আপনারা ভাবছেন কেন আমি ডেনভার, কলোরাডো অথবা এমন কোথাও চলে যাচ্ছিলাম? আমার সন্তানদের এমন কোথাও নিয়ে যাওয়া যেখানে একদল লোক আছে যারা ঈশ্বরের কাছে ক্রন্দন করে; আমাদের যা প্রয়োজন, ভাই।

163 এই দেশ, এই জাতি, এই শহর, এই স্থান, এতটাই নৈতিকভাবে কলুষিত হয়ে গেছে যতক্ষণ না এটি করুণ পরিস্থিতিতে চলে আসে। আমি এখানে যা সত্য বলে জানি তা যদি আমি এখনই প্রকাশ করতে পারি, এটি মিশ্র শ্রোতাদের সামনে উপস্থাপনযোগ্যও হবে না। অথবা, ঠিক এখানে এই নিজের শহরে; শুধু এখানে নয়, অন্যান্য স্থানে, সর্বত্র, এটি সহজভাবে আসতে শুরু করেছে...

164 কারণ কেন? লোকেরা...দেখুন, বন্ধুরা, এটা খুব ধূর্ত হয়ে গেছে। এটি এত সহজে প্রবেশ করে, যতক্ষণ না এটি আপনাকে হতাশ করে। শয়তান ফ্যাশনে ছিল। সে হয়তো ফ্যাশনের বাইরে যায় নি, কিন্তু সে ব্যবসার বাইরে যায় নি, আমি আপনাকে সেটা বলব।

সে এখনও ব্যবসায় রয়েছে।

165 দেখুন, আজ। আমরা নিই, যেমন আমি কিছুক্ষণ আগে বলেছিলাম, সেই ছোট্ট ভদ্রমহিলা সম্পর্কে, একটি গোলাপ নিয়ে একটি ছোট বৃদ্ধা মেয়ে। উদাহরণস্বরূপ, গোলাপ, এটা সুন্দর; এটা দেখার জন্য সেখানে আছে, এটা সত্য। আর এটা ঠিক মণ্ডলীর মতো, এটা সেখানে দেখার জন্য রয়েছে। একজন সুন্দরী মহিলার মতো, তিনি সেখানে রয়েছেন। সেটা ঠিক। কিন্তু যদি সে...সে ভালো রয়েছে, অর্থাৎ, সে তার স্বামীর কাছে, সে—সে ঠিক আছে। কিন্তু যদি তার কাছে নৈতিক খড়্গ না থাকে, তাকে রক্ষা করার জন্য, সে সমাজ এবং মানুষের কাছে ঋণী হয়ে যায়; এত নিচ এবং কলঙ্কজনক এবং পচে যায় যতক্ষণ না কুকুররা তার দিকে তাকায় না। সেটা ঠিক।

166 আর জীবন্ত ঈশ্বরের মণ্ডলীর জন্যও একই জিনিস। তারা এখান থেকে বেরিয়ে আসে এবং গ্ল্যামারাইজ করার চেষ্টা করে এবং নিজেদেরকে ঠিক করে, আর এমন আচরণ করে...তারা এখানে তাদের মহিলাদের বিবস্ত্র করে, ঠিক...আর লোকেরা বুঝতে পারে না যে এই শয়তানগুলি আপনার বাড়িতে আক্রমণ করছে।

167 ঠিক অন্য দিন আমার পাড়ায়, একজন যুবতী, যাকে আমি একজন ভালো মহিলা মনে করি, আর সে একজন বিবাহিত মহিলা, একটি সন্তান রয়েছে, আর সেই মহিলাটি সেখানে বেরিয়ে আসেন, পুরুষ কিছু কাজ করতে রাস্তায় নেমে আসে, আর এই ভদ্রমহিলা সেই ছোট ছোট কাপড় পরিধান করে সেখানে বেরিয়ে আসেন, এটি ভয়ঙ্কর ছিল।

168 এটি একটি ভয়ঙ্কর মাতৃ দিবসের ভাষণ, কিন্তু, আমার ভাই, আমাকে আপনাকে কিছু বলতে দিন: মা, আবার মা হতে ফিরে আসুন!

169 এমনকি একটি ছোট ছেলেও আমাদের পাড়ায় বেড়াতে এসেছিল, ভিতরে এসে আমাদের এই বিষয়ে বলেছিল, "সেখানে দেখুন।"

আমি বললাম, "ঠিক আছে, সেটা কিছুই নয়।"

170 মহিলাটি একজন ভালো মহিলা। আমি বলি না যে সে নৈতিকতাহীন। কিন্তু, ব্যাপারটা হল, সেখানে একটি বিদ্বেষপরায়ণ, নোংরা আত্মা তার মধ্যে রয়েছে, তাকে এটা করতে বাধ্য করছে, আর সে এটা জানে না।

171 পৃথিবীতে একজন মা কি চান, অথবা যে কেউ, সেই ছোট ছোট নোংরা পোশাক পরিধান করতে, আর পুরুষের সামনে নিজেদেরকে

প্রসারিত করতে? আপনি সুন্দরী, বোন। আপনি সুন্দরী, মা। আমি আপনার জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাই। কিন্তু, আপনি সুন্দরী, কিন্তু যদি আপনার কাছে সেই নৈতিকতা রক্ষা করার জন্য পবিত্র আত্মা না থাকে, আপনি কুৎসিত হলে ভালো হত যাতে কেউ আপনার দিকে না তাকায়, আর স্বর্গে যান। সেটা ঠিক। সেটা সত্য। আপনি কি করছেন তা দেখুন; সেই নৈতিকতা।

172 এখন, এটা কি, শয়তান ভিতরে প্রবেশ করেছে এবং সে লোকদের এই বিষয়গুলি বলেছে। সে প্রচারকদের মধ্যে প্রবেশ করেছে; সে হলিউডের মতো নমুনা তৈরি করছে। মেয়েরা আর সেই যুবতী মহিলারা, তারা হলিউডের অনুকরণ করছে। আজ দেশে তাদের কাছে সবচেয়ে ভালো জিনিস যা রয়েছে, সবচেয়ে নৈতিকতাহীন যা আপনি শুনতে পান, সেটি কথা বলা; সকল রেডিওর বক্তৃতা।

173 মিস কে স্টারের মতো কিছু বৃদ্ধ মহিলা, তার বিরুদ্ধে কিছুই নয়; কিন্তু পঞ্চাশ বছর বয়সী একজন বৃদ্ধ মহিলাকে দেখতে পাওয়া, তার জামাকাপড় সব তার উপর ঠেলে দেয়, যেন তাকে খাবারের বস্তায় ঢেলে দেওয়া হয়েছে। আমি এটা রসিকতার জন্য বলছি না, কারণ আমি সেই বিষয়গুলির বিরুদ্ধে কথা বলছি। কিন্তু একজন মহিলা এমন কাজ করেন, আর উঠে দাঁড়ান এবং একজন তরুণ আমেরিকান মহিলাদের জন্য একটি উদাহরণ হন, এটা আমাদের জাতির কাছে ঋণ। এটা শয়তান।

174 আর্থার গডফ্রেদের মতো ছেলেরা, তারা এখানে দৌড়াচ্ছে, তারা যা করে তা করছে, আর দেশের সবচেয়ে বিশিষ্ট ব্যক্তিরা এইরকম, আর, কেন, এটা একটি লজ্জার বিষয়।

175 হালেলুইয়া! এটা বলুন কারণ আমি অনুভব করছি পবিত্র আত্মা এখানে আছেন। আক্রমণ চলছে, ঘরে ঘরে, স্থানে স্থানে, গির্জা থেকে গির্জায়, মানুষ থেকে মানুষে।

176 শিশুরা, যীশু খ্রীষ্টের নামে, পুনরুজ্জীবন এবং প্রভু যীশু খ্রীষ্টের নৈতিক অবস্থান নিয়ে উঠুন, আর বলুন, "আমি প্রভুর তুচ্ছ লোকদের সঙ্গে পথ গ্রহণ করব।" হ্যাঁ, মহাশয়। "আমি একজন সত্যিকারের মা হব।" "আমি একজন সত্যিকারের বাবা হব।"

যখন সমগ্র বিশ্ব, এবং চারপাশে, চারপাশে আমার<br>
প্রাণ পথ দেয়,<br>
তখন তিনি আমার সমস্ত আশা এবং আশ্রয়।

কারণ খ্রীষ্টের উপর, দৃঢ় প্রস্তর, আমি দাঁড়িয়ে
আছি;
অন্য সব ভূমি হল চোরাবালি,
অন্য সব ভূমি...

177 এই সবকিছু কিসের জন্য হয়েছে? কি কারণে সেবকরা এইরকম আচরণ করছেন? কি প্রচারকদের লোকদের কাছে এই মিথ্যা ভবিষ্যদ্বাণী করতে বাধ্য করেছে?

178 কেন এটা, বহু বছর আগে, আপনারা মেথডিস্ট লোকেরা... যখন জন স্মিথ সুসমাচার প্রচার করার জন্য তার বেদীতে আসেন, এবং তিনি চার ঘন্টার একটি ছোট ধর্মোপদেশ প্রচার করেছিলেন। আর তিনি বললেন, "এর সমস্যাটি হল, যে আমার হৃদয় ভেঙে যাচ্ছে।" তিনি বলেছিলেন, "মেথডিস্ট কন্যারা এমনকি তাদের আঙুলে আংটি পরিধান করে।"

179 আর, আজ, তারা হাফপ্যান্ট এবং ছোট পুরানো নোংরা পোশাক পরিধান করে। আর তারা সম্পূর্ণ নগ্ন হয়ে যাবে, আরও পাঁচ বছরের মধ্যে, যদি কিছু না করা হয়। আপনাদের কি হয়েছে মেথডিস্ট প্রচারকরা, আপনারা ক্যাম্পবেলাইটরা, আপনারা ব্যাপটিস্টরা? হ্যাঁ, মহাশয়। এটা শয়তান, তার ক্ষমতা নিচে ফেলে দিয়েছে, আর সে এখানে তার প্রভাব ফেলেছে।

180 আর আপনারা এটা বুঝতে পারেন না, আপনারা ধূমপান করেন, আপনারা মহিলারা, আর আপনারা যেভাবে করছেন বাইরে সেখানে, আর মদ্যপান করা এবং চালিয়ে যাওয়া যেভাবে আপনারা করছেন, আপনি বুঝতে পারছেন না যে আপনি আপনার ব্যবস্থাকে বিষাক্ত করছেন, এবং পুরো প্রজন্মকে ধ্বংস করা যারা আপনাকে অনুসরণ করবে, যদি এমন কিছু হয়। ধূমপানের মাধ্যমে ক্যান্সার হওয়ার সম্ভাবনা পঁচাশি শতাংশ বেশি, আর আপনি ইচ্ছাকৃতভাবে তাদের মধ্যে চলে যান। আর গির্জা এটিকে সমর্থন করে।

181 একটি বড় ব্যাপটিস্ট চার্চে, ঠিক এখানে, সম্প্রতি...আমি ব্যাপটিস্টকে আঘাত করছি। আমি এটা করার অধিকার পেয়েছি; আমি যে দিক থেকে এসেছি সে দিকে তারা একরকম ঝুঁকে আছে। কিন্তু যখন তাদের রবিবারের স্কুলের সভা এবং প্রচার সভার মধ্যে বিরতি দিতে হয়, যাতে পালক এবং সকলে বাইরে গিয়ে ধূমপান করতে পারে, আর রাস্তায় সারিবদ্ধভাবে পুরুষ এবং মহিলারা সিগারেট পান করছেন। শয়তান সেটা করেছে। সেটা ঠিক।

182 তারপর, এখানে আমাদের নিজের শহরে, আমাদের সবচেয়ে

অসামান্য সেবকদের একজন, ঠিক এখানে নিউ আলবেনিতে, এই খেলার মাঠে, আমাদের শহরের একজন অসামান্য সেবক একটি বর্গাকার-নৃত্যের অনুষ্ঠান পরিচালনা করছেন, পুরুষ এবং মহিলাদের মঞ্চে নিয়ে আসার জন্য।

183 পৃথিবী কি বলে তাতে কিছু যায় আসে না, আপনি কীভাবে এটিকে ঘিরে রাখার চেষ্টা করেন তাতে আমার কিছু যায় আসে না; ভাই, সেখানে কোন লাল-রক্ত পুরুষ অন্য পুরুষের স্ত্রীকে কাছে টানছে না, এবং একই অনুভূতি করেন। আপনারা জানেন এটাই সত্য।

184 তারা আমাদের নারীদের নিয়ে গেছে, তাদের বিবস্ত্র করেছে; বাইরে অফিসে, এবং ট্যাক্সিক্যাব চালাচ্ছে, রাস্তার এদিকে ওদিকে। যেখানে, তাদের বাড়িতে থাকা উচিত, চুলার পিছনে, রান্না করা এবং রাতের খাবার ঠিক করা।

185 এটা কি ? এটা শয়তান। আক্রমণ চলছে। আমি *এই* ব্যক্তি বা *সেই* ব্যক্তি সম্পর্কে কিছুই বলছি না। আমি বলছি এটা অশুচি আত্মা যারা লোকদের অধিকার করছে, তাদের সরাসরি এর মধ্যে নিয়ে যাচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্রের আক্রমণ।

186 মণ্ডলী উৎখাত। শয়তান দ্বারা মণ্ডলী উৎখাত হয়। পিছনে...

187 তারা এখন একটি ছেলেকে নিয়ে যায়, যখন সে একটি সেমিনারিতে আসে, তাকে প্রথম জিনিসটি শিখতে হয় তা হল তার ডিগ্রি নেওয়া। তাকে মনোবিজ্ঞান নিতে হবে। তাকে ধর্মতত্ত্ব নিতে হবে। তাকে শিক্ষা দিতে হবে, সব ধরণের বিষয়ে তার মতাদর্শে দীক্ষিত হতে হবে। যদি তার কাছে প্রকৃত সূক্ষ্ম শিক্ষা না থাকে, যদি সে যতটা স্মার্ট এবং উজ্জ্বল না হয়, তাহলে তারা তাকে বের করে দেবে; সে যোগ্যতা অর্জন করতে পারে না। তার কি করার আছে ? এখানে গিয়ে একটু রাজনৈতিক আলোচনা উপস্থাপন করার জন্য, যেমনটি ছিল, একটি গির্জার রাজনৈতিক বক্তৃতা, একদল লোকের সাথে, একদল মৃতপ্রায় পুরুষ এবং মহিলাদের।

188 হে ঈশ্বর, আমাদের কাছে কিছু পুরানো ধাঁচের, নির্বাপিত লোক পাঠান যিনি ক থেকে খ চেনেন না, যিনি প্রভু যীশু খ্রীষ্টের পুনরুত্থানের শক্তি জানেন, যিনি মন ফেরার কথা প্রচার করবেন, এবং প্রভু যীশুকে ভালবাসার জন্য পুরুষ ও মহিলাদের বেদীর কাছে প্রেরণ করবেন। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

189 এটা একটা ঋণ। সে সেমিনারে আক্রমণ করেছে। সে গীর্জা আক্রমণ করেছে। সে আমাদের মহিলাদের বিবস্ত্র করেছে। সে

আমাদের লোকদের এমন জায়গায় এনেছেন যে আপনি তাদের কিছুই বলতে পারবেন না। আর পুরুষ এবং মহিলা, আমি মনে করি...

190 আপনি বলেন, "ঠিক আছে, মহিলারা।" হ্যাঁ, আর আপনারা পুরুষরা যারা আপনার স্ত্রীদের এটি করার অনুমতি দেন, এটি দেখায় যে আপনি কী দিয়ে তৈরি হয়েছেন। সেটি ঠিক তাই। অবশ্যই। এটা একটি অপমানজনক। এটা দুঃখের বিষয়।

191 আর তারপর প্রচারকের কাছে যান। প্রচারক মঞ্চে দাঁড়িয়ে আছেন, আজ, একটি আধুনিক বেদীতে। সেখানে দাঁড়িয়ে আছেন, তাঁর লোকদের সঙ্গে তাঁর সামনে, এবং অনুতাপ এবং পাপ এবং খ্রীষ্টের রুক্ষ ক্রুশ ছাড়া বিশ্বের প্রতিটি ছোট বিষয় সম্পর্কে প্রচার করেন। হ্যাঁ।

192 যখন আপনি তথ্যগুলিকে নিচে রাখেন; লোকেরা আপনার কথা শুনতে আসবে, সুসমাচার প্রচারে। আপনি বিষয়টিতে পৌঁছানোর এবং সুসমাচার প্রচার করার চেষ্টা করছেন, এবং লোকেদের অনুতপ্ত হতে এবং তাদের সঠিক করার চেষ্টা করছেন। তারা উপরে যাবে এবং বাইরে চলে যাবে, তাদের এটি শুনতে হবে না। না, তারা করে না। কিন্তু, ভাইয়েরা, তাদের অনুতপ্ত হতে হবে অথবা বিনষ্ট হতে হবে।

193 শয়তানরা! আপনি বিদ্যালয়ে যান; এটা বিদ্যালয় আক্রমণ করেছে। আজ সারা দেশে, চারপাশে তাকান। এখানে দেখুন, আপনারা, আপনারা প্রোটেস্ট্যান্টরা। দেখুন, এখানে চারটি বড় বড় ক্যাথলিক বিদ্যালয় এবং বিষয়গুলি আজ নির্মিত হয়েছে। কেন এটা ? আপনারা নিষেধগুলি নামিয়ে দিচ্ছেন।

194 ক্যাথলিক ধর্মের বিরুদ্ধে কিছুই নয়, যদিও আমি এটা বিশ্বাস করি না। আমি কঠোরভাবে একজন প্রোটেস্ট্যান্ট। সেটা একদম ঠিক। প্রমাণ করতে পারে যে তারা করে না...আপনি তাদের সাথে তর্ক করতে পারবেন না। তারা বলে, "বাইবেল কি বলে তাতে আমাদের কিছু যায় আসে না। আমরা জানি মণ্ডলী কি বলে।"

195 ঈশ্বর তাঁর বাক্যে আছেন। *এখানেই* ঈশ্বর আছেন।

196 কিন্তু কিছু ক্যাথলিক, তাদের গির্জার সাথে লেগে থাকা, একজন প্রোটেস্ট্যান্ট হিসাবে আপনাকে নিজের জন্য লজ্জিত করবে। আপনি যদি শুধুমাত্র বাইবেলের সাথে লেগে থাকেন, যেমন তারা তাদের গির্জার সাথে লেগে থাকে। ঠিক। কিন্তু, তারা ভুল। আমি বলতে পারি যে সর্বশক্তিমান ঈশ্বরের কর্তৃত্বের অধীনে, যে, তারা ভুল। নিশ্চিতভাবে।

197 আর আপনারা প্রোটেস্ট্যান্টরা ভুল, আপনারা যেভাবে করছেন, কারণ আপনারা সত্যিই ভালো জানেন, আর আপনারা এটা করেন। এটি আপনাকে একজন ভণ্ড করে তোলে। অবশ্যই, এটা আক্রমণ; গীর্জা নিচে নেমে যাচ্ছে। আর এখন পরিবর্তে...

198 গির্জা, গির্জাকে সুন্দর করার চেষ্টা করছে, একটি বড় গির্জা তৈরি করার চেষ্টা করছে, তার উপর বড় বড় চূড়া লাগানো, বড় পাইপের অর্গান, এবং সবকিছু ক্যাথলিক চার্চের মতো নমুনা করার চেষ্টা করছে। আপনি ক্যাথলিক গির্জার মতো নমুনা করতে চান না, যদি সে ধ্বংসের দিকে যেতে বাধ্য হয়। কারণ, সেটা **সদাপ্রভু এই কথা কহেন**, সে ধ্বংসে যাইবার জন্য বিনাশপ্রাপ্ত। আর আপনি তার অনুসরণ করছেন, আপনি তার সাথে যাচ্ছেন।

199 কিন্তু আজ আমাদের যা প্রয়োজন, একটি বড় গির্জা নয়, একটি বড় চূড়া নয়, একটি পুরানো ধাঁচের বেদী যেখানে পাপ পুড়িয়ে ফেলা হয়, প্রভু যীশু খ্রীষ্টকে ভালবাসেন এমন পুরুষ এবং মহিলাদের কাছ থেকে পবিত্র প্রার্থনার অধীনে। আপনারা সেটা জানেন। এটাই আমাদের প্রয়োজন। আমার কথা শুনুন, বন্ধুরা। আমার কথা শুনুন। এটা প্রেম।

200 আমার সময় চলে গেছে। আমি শুধু এটা নিয়ে অপেক্ষা করতে চাই, যেখানে, শুধু, আমি এটা তুলে নেব, একটু পরে, সেই আক্রমণ, যেখানে এটি চলে গেছে। এটা আক্রমণ করা হয়েছে। এটা আমাদের দেশ আক্রমণ করেছে। এটি মার্কিন যুক্তরাষ্ট্রকে আক্রমণ করেছে।

201 এখন মনে রাখবেন, আমি আমার জীবনে কখনও ভোট দেইনি, দেখুন, এতে বড়াই করার কিছু নেই, এটা আমার আমেরিকান জন্মগত অধিকার যদি আমি এটা করতে চাই। কিন্তু আমি আমার বন্ধুদের বিষয়ে খুব বেশি ভাবি, তাদের সেখানে রাখার জন্য। দেখুন, আমি তাদের উত্তম পুরুষ হিসাবে প্রবেশ করতে দেখেছি, দুর্বৃত্ত হয়ে বেরিয়ে আসতে দেখেছি, আর আমি এটা চাই না।

202 আমার একটি বিষয় আছে। আমি এখানে একজন ব্যক্তির জন্য একটি প্ল্যাটফর্ম তৈরি করছি যিনি প্রার্থী, আর তিনি যীশু খ্রীষ্ট, এবং কেবল তিনি। আমি তার জন্য আমার সময় প্রদান করি। সেটা ঠিক। আর যদি আমি মণ্ডলীকে সোজা করতে পারি, বাকি পৃথিবী নিজের যত্ন নেবে। সেটা ঠিক।

203 কিন্তু আমি আপনাকে বলি, যখন মিঃ রুজভেল্ট (লোকটি মারা গেছেন, তাকে বিশ্রাম দিন, আমি বিশ্বাস করি তিনি।), আসেন,

এবং তিন বা চারটি মেয়াদে চলে আসেন, এবং ক্ষমতা গ্রহণ করেন, শুধুমাত্র একটি প্রাথমিক স্বৈরশাসন, আমি আপনাদের কাছে প্রমাণ করতে পারি যে শাস্ত্রে, যেখানে আমি বলেছি এটা ঘটবে। সেটা ঠিক। আমাদের কাছে আর সংবিধান নেই, সে ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে, সবকিছু লণ্ডভণ্ড হয়ে গেছে। রিপাবলিকানরা ঠিক ততটাই খারাপ, এটি একটির ছয়টি, এবং অন্যটির দেড় ডজন।

204 কারণ, প্রত্যেক রাজ্য চূর্ণ হবে, কিন্তু যীশু খ্রীষ্টের রাজ্য স্থায়ী হবে এবং অনন্ত কাল রাজত্ব করবে। সেটা ঠিক। উপরে...দানিয়েল পাহাড় থেকে খনিত প্রস্তরকে বের হতে দেখলেন, এবং সেখানে রাজনৈতিক বিশ্বকে আঘাত করে এবং এটিকে একটি চূর্ণ পাউডারে পরিনত করে দেয়, গ্রীষ্মকালে শস্য মাড়াইয়ের স্থানে গমের মতো। কিন্তু সেই প্রস্তরটি একটি বড় পর্বতে পরিণত হল যা আকাশ-... সমস্ত আকাশ ও পৃথিবী পূর্ণ করে দেয়। এটাই।

205 রাজনৈতিক জগৎ চলে গেছে। আমাদের জাতি ভেঙে পড়েছে। আপনাদের মনে আছে, যে ভাই ব্রানহাম বলেছিলেন যে, **সদাপ্রভু এই কথা কহেন**। আমাদের জাতি ধ্বংস হয়ে গেছে। এটা কখনই উঠবে না। সে চলে গেছে, বাকি সব জাতির মতো। এটি বিশ্বের সর্বশ্রেষ্ঠ জাতি, আজ দাঁড়িয়ে আছে, কিন্তু এটা ঠিক সেই শয়তানের বীজ, মানুষের হৃদয়ে রোপণ করা হয়েছে; এটি কিভাবে হলিউডে আসে, কিভাবে এটি মানুষের মধ্যে প্রবেশ করে, আর *এটি* শুরু করে। আর আপনি তাদের কিছুই বলতে পারবেন না।

206 সেখানে একজন রাষ্ট্রপতি আনুন যিনি হুইস্কি বন্ধ করার চেষ্টা করবেন, এখন এবং নিষেধাজ্ঞা আনবেন, দেখুন কি হয়। সেখানে আসার দুই ঘন্টার মধ্যে তাকে গুলি করা হবে। অবশ্যই, তিনি এটা সহ্য করতে পারবেন না; সমগ্র বিশ্ব তার বিরুদ্ধে। হ্যাঁ, মহাশয়। আপনি এটা করতে পারবেন না।

207 সে শেষ হয়ে গেছে। তাকে আক্রমণ করা হয়েছে, আর সাম্যবাদের আত্মা দখল করেছে।

208 আজ আমাদের বিদ্যালয়ে যান, আমাদের বিদ্যালয়ের শিশুদের দিকে দেখুন। আমাদের ছোট বন্ধুরা যারা স্কুলে যায়, আপনাদের জানা উচিত কি হচ্ছে। এখানে স্কুলে ছোট মেয়েরা, আর এই ধরনের বিষয়, চৌদ্দ এবং পনেরো বছর বয়সে, তাদের মা তাদের স্কুলে পাঠিয়েছিল, নৈতিকভাবে ধ্বংসপ্রাপ্ত, মানসিকভাবে, মাদকদ্রব্যের নেশাকারী, মাদকাসক্ত, সিগারেট দ্বারা ফোলানো, অন্য সবকিছু এইরকম; অল্প বয়সে, এমন ছোট বাচ্চারা। তাদের মধ্যে একজন

কুমারী খুঁজে পাওয়া ততটাই কঠিন হবে যেমন খড়ের গাদায় একটি সূঁচ খুঁজে পাওয়া কঠিন, যখন তারা ছেলেদের সঙ্গে তারিখে যায়, আর এই নদীর তীরে এবং অন্য কোথাও।

209 আর আমি আপনাদের কাছে এটা প্রমাণ করতে পারি, বন্ধুরা। আমি এটা বেদীতে বলব না, যদি না আমি জানি আমি কি বিষয়ে কথা বলছি। ঠিক এখানে আমাদের—আমাদের কাউন্টিতে, ঠিক এখানে এই কাউন্টিতে, সেই মহিলারা পোশাক পরিধান করেন, জানে না...তাদের মাকে বলছে যে তারা বিভিন্ন জায়গায় যাচ্ছে, এবং ছেলেদের সাথে দেখা করছে এবং এমনকি লুইসভিলের রাস্তায় পতিতাবৃত্তি করছে (এটা কি?), এবং গায়কদলের মধ্যে গান করছে।

210 কারণ, তারা সেখানে দাঁড়িয়ে একটি ছোট্ট সামাজিক সুসমাচার পেয়েছে, যেখানে প্রচারকরা দাঁড়িয়ে ছোট ছোট বিষয় নিয়ে কথা বলেন, এবং বাইবেলের ছোট ছোট গল্প, অথবা এইরকম কিছু, অনুতাপ প্রচার করার পরিবর্তে এবং পুরুষ এবং মহিলাদের বেদীতে আনার পরিবর্তে।

211 তার বাবা রাতে আসেন এবং তার সিগার জ্বালিয়ে, এক গ্লাস বিয়ার নেন এবং বসে পান করেন। মা বাইরে থাকেন, দিনের বেলায়, কিছু তাস পার্টিতে একদল মহিলার সাথে, এইরকম কিছু সামাজিক। আপনি কিভাবে সন্তানের অন্য কিছু হতে আশা করতে পারেন?

212 দেখুন, আপনি যে পরিবেশে থাকেন, আপনি সেটাই।

213 আপনি একটি ছোট মেয়ে নিন, একটি ছোট ছেলে, তাদের এখানে রাখুন, তাদের কারো সাথে থাকতে দিন। আপনি একজন ব্যক্তিকে নিন, আমি আমার ছেলেকে নিতে পারি, তাকে একদিনের জন্য কারো সাথে বাইরে থাকতে দিন; আমাকে আসতে দিন, আমি সর্বদা আপনাকে বলতে পারি সে কার সাথে ছিল। অবশ্যই। দেখুন, সেই পরিবেশ, সেই আত্মা তাকে ধরে ফেলে।

214 আপনি একটি গির্জায় যান, যেখানে লোকেরা সবাই...আপনি হোলি গোস্ট গীর্জায় যান, অথবা—অথবা পেন্টিকোস্টাল গির্জায় যান, তারা এটাকে বলে। সকলকে হতে দিন...ওহ, তারা দৌড়ে এবং তাদের মাথা সামনে পিছনে দোলায়, পালক করেন; দেখুন পুরো মণ্ডলী একই জিনিস করতে শুরু করে। পুরুষদের, লোকদের, উঠে দাঁড়াতে দিন আর—আর শুধু ভয়ঙ্কর, অথবা অন্য কিছু করতে দিন; পুরো বিষয়টিকে তা করতে দেখুন। এমন একটি স্থানে প্রবেশ

করুন যেখানে পালক প্রকৃত অনমনীয় এবং ঠান্ডা; পুরো দলকে এটা করতে দেখুন। আপনি সেই পরিবেশে আসেন।

215 আপনি একজন ভালো নৈতিক পুরুষকে নিন, এবং তাকে একজন বৃদ্ধ মহিলাকে বিয়ে করতে দিন যার মূল্য এক পয়সাও নয়; খুব বেশি দিন হবে না যতক্ষণ না সে এক পয়সাও মূল্যবান হবে। আহাবের ক্ষেত্রেও তাই হয়েছিল। একই জিনিস নিন, এর বিপরীতে, একজন সুন্দর মহিলাকে একজন বৃদ্ধ লোককে বিয়ে করতে দিন যার মূল্য এক পয়সাও নয়; প্রথম বিষয় আপনি জানেন, সেও একই কাজ করছে।

216 আজ সকালে আমি কিভাবে যেতে পারি, আর ছোট ভাঙা ঘর এবং এই জাতীয় জিনিসগুলির দিকে আমার হাত নির্দেশ করতে পারি, যেখানে সুন্দর মায়েরা মদ্যপানকারী বাবার কাছে আসেন, এবং এই জাতীয় জিনিসগুলি, আর ভেবেছিল যে তারা তার সাথে কিছু করতে পারে, আর এখন সকল মায়েরা এবং তাদের সবাই মদ্যপান করছে এবং চলছে। এটা পরিবেশ।

217 এটা কি ? এটা শয়তান। এটা শয়তান, আক্রমণ। সে গর্জনকারী সিংহের মতো এই জাতির মধ্যে প্রবেশ করেছে। সে নিজেকে এখানে স্থাপন করেছে তাদের সেরা স্থানে, হলিউডে। সে বলল, "টেলিভিশন চালু না হওয়া পর্যন্ত আমি এখানে সিনেমা দেখতে পারি, তারপর আমি তাদের নিয়ে নিব।" আর সে সেখানে বসে আছে।

218 আর গির্জার লোকেরা, অনুষ্ঠানগুলি বন্ধ করার পরিবর্তে এবং তাদের সন্তানদের যেতে না দেওয়ার পরিবর্তে, রবিবার বিকেলে তারা তাদের দশ সেন্ট দেয় এবং তাদের সেখানে পাঠায়, যাতে তারা একটি ছোট সামাজিক কার্ড পার্টি করতে পারে, নিজেদের জন্য বাইরে থাকতে পারে এবং ঘুরে বেড়াতে পারে। ওহ, কি অপমানজনক। এখন তারা শুধু টেলিভিশন চালু করে এবং বিশ্বের সমস্ত নোংরা, পচা মূর্খতা দেখে, এর মধ্যে। সেটা ঠিক।

219 সিনেমার বিরুদ্ধে আমার কিছু নেই। টেলিভিশনের বিরুদ্ধে আমার কিছু নেই। এটা তার মধ্যে যে পচা জিনিস রয়েছে। এটা সেটি। আপনি যদি এটি নৈতিক রাখতেন, তবে এটি নৈতিক থাকতে হত।

220 আপনি এখানে শহরে পুরানো ফ্যাশনের বোতামের জুতা বিক্রি করতে পারবেন না, আজ, মোটেও। মহিলারা সেগুলি চান না। তারা পায়ের আঙুল তাদের থেকে বের করতে চায়। বাকি মহিলারা এটা করছেন। সেটা ঠিক।

221 আপনি যখন গির্জায় যান, আপনি তাদের পুরানো সময়ের ধর্ম বিক্রি করতে পারবেন না, কারণ, অন্য মহিলা, সে এর সাথে কিছু করতে চায় না, না। না, মহাশয়। "আমার সেখানে যাওয়ার দরকার নেই। আমি শুধু বিশ্বাস করি, এটাই সব যা সেখানে রয়েছে।" ওহ, ভাই, শয়তানও বিশ্বাস করে। ঠিক। আপনি অনুতপ্ত হবেন অথবা বিনষ্ট হবেন।

222 এখন, দুঃখিত; না, আমি নই। না, আমি নই। না, আমি এটা ফিরিয়ে নিই। আমি লোকদের ভালোবাসি। কিন্তু আমি—আমি—আমি—আমি আপনাকে দেখতে পছন্দ করবো আপনিও এইভাবে শীর্ষ থেকে নিমজ্জিত হতে। যদি প্রভু চান, আমি এই সপ্তাহে একটু পরে এটা তুলে নেব।

223 এখন, আপনারা মায়েরা যারা মা, যাওয়ার আগে আপনাদের জন্য একটি কথা। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আপনি আপনার সন্তানদের সঠিকভাবে বড় করুন।

224 আমরা এই আক্রমণ গ্রহণ করব; আমাদের এখনও বাড়িতে যেতে হবে, এবং অনেক জায়গায়, বিদ্যালয়ে এবং এর সাথে বিভিন্ন স্থানে। আমরা এটা তুলে নেব।

225 কিন্তু, মার্কিন যুক্তরাষ্ট্রের আক্রমণ, শয়তান তাকে দখল করেছে। রাশিয়াকে ভয় পাবেন না। রাশিয়ার কিছুই করার নেই। আমরা নিজেরাই এটা করছি, আমাদের নিজেদের মধ্যে আমাদের নিজেদের পচন। সেটা ঠিক।

226 আপনারা জানেন, বিশ্বের অন্যান্য দেশের তুলনায় মার্কিন যুক্তরাষ্ট্রে বিবাহবিচ্ছেদের সংখ্যা বেশি? আরও বিবাহবিচ্ছেদ; এটা ভাবুন। সেটি ভয়ঙ্কর? মাতৃত্ব ভেঙে গেছে। মায়েরা তাদের সন্তানদের সঙ্গে আর বাড়িতে থাকেন না, যেমন তারা আগে থাকতেন। তাদের একটি কাজ থাকতে হবে।

227 এখানে অন্য দিন, এই শহরের একজন মুদি ব্যবসায়ী, আমার সাথে এই বিষয়ে কথা বলছিলেন। এই মহিলারা এই পাবলিক প্ল্যান্টে কাজ করছেন, এই যুবতী বিবাহিত মহিলারা একদল ছোট বাচ্চা নিয়ে। তারা তাদের বাচ্চাদের যত্ন নেওয়ার জন্য সন্তান দেখার লোক রেখেছিল। তারা এই সর্বজনীন স্থানে কাজ করে। বলল, "সেখানে তাদের মধ্যে দুজন দাঁড়িয়ে ছিল, যখন তাদের ছাঁটাই করা হয়েছিল, তাদের সরকারি কাজে, বলল, 'চিন্তা করবেন না। আমরা সফল হবো, যেভাবেই হোক।'"

228 ওহ, এমন একটি পতিতাবৃত্তির সময় হাতে রয়েছে। নিশ্চিত। শয়তান তাদের বলেছে যে তারা বাড়ির কর্মকর্তা। তারা তাদের নিজস্ব অর্থ উপার্জন করবে। তারা যা ইচ্ছা তাই করবে। আর আপনি তাদের থেকে এটা বের করে আনুন, যদি আপনি পারেন।

229 শুধুমাত্র একটি জিনিস তাদের থেকে বের করে আনতে পারে, সেটা হল বেদী, যীশু খ্রীষ্টের সামনে, একটি পুরানো ধাঁচের, অশ্রুধারার ধর্ম যা তাদের হৃদয় ভেঙ্গে দেবে এবং তাদের টুকরো টুকরো করে দেবে, এবং তাদের যা হওয়া উচিত তা তৈরি করবে। সেটা ঠিক।

230 তারা ভাবতে পারে আমি একজন কুয়াশাচ্ছন্ন। কিন্তু যেদিন আপনি মারা যাবেন, আমার ভাই, বোন, আপনি বুঝতে পারবেন যে আমি আপনাকে সত্য বলেছি। সেটা ঠিক।

231 সে চলছে, সেই আক্রমণ, সময় এখানে রয়েছে। এখন, এখন, হ্যাঁ, সিদ্ধান্তের এক সময়, এছাড়াও, সিদ্ধান্তের এক সময়, গির্জায় আসার জন্য নয়, কিন্তু আপনি খ্রীষ্টের সেবা করতে যাচ্ছেন কিনা তা সিদ্ধান্ত নেওয়ার এক সময় অথবা আপনার মন্ডলীতে কদুষ্ণ থাকার। আর সেটা ঠিক।

232 সেখানে প্রচুর গির্জার সদস্য রয়েছে। যদি সমস্ত সদস্য-...অথবা আমেরিকার লোকেরা যারা নিজেকে খ্রিস্টান বলে দাবি করে, প্রকৃত খ্রিস্টান হন, নতুন করে জন্মগ্রহণকারী খ্রিস্টান, ভাই, আপনি স্বর্গে যেমন নিরাপদ থাকবেন আমরা সেরকম নিরাপদ থাকব, প্রায়, যুদ্ধ এবং ঝামেলা থেকে, হ্যাঁ, মহাশয়, রোগগুলি দেশ ছেড়ে চলে যাবে, অন্য সবকিছু।

233 এটা কি ভালো হবে না যে রাস্তায় এসে দেখেন যেখানে একজন ভদ্রমহিলা এসেছেন, আর পুরুষ, "আপনি কেমন আছেন, বোন? শুভ সকাল, ভাই"? চলে যান, সেখানে নেই...পৃথিবীতে আপনার কোন চিন্তা নেই। সবকিছু ঠিক আছে এবং সুন্দর। আর সেই লোকটি রাস্তার কোণে আসে; আপনার উপর ছুটে যাওয়ার চেষ্টা করার পরিবর্তে, তিনি থামবেন, বলবেন, "ঠিক আছে, ভাই। ঠিক আছে, আপনি...ওহ, আপনি আমার আগে," আপনি দেখুন, শুধু পছন্দ...এটা কি চমৎকার হবে না? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পাদকীয়।] আমরা এটা পেতে যাচ্ছি, কিন্তু এটা সহস্রাব্দে, ভাই। সেই দিন সবেমাত্র আসছে। সেটা ঠিক। তাই এখন আমরা নই...

234 আমি আমাদের পাড়ায় দাঁড়িয়েছিলাম, অন্য দিন এখানে; আমাদের পাড়ার বিরুদ্ধে কিছুই নেই, কিন্তু আমি আমাদের ছোট

বাচ্চাদের লক্ষ্য করতে পারি। স্ত্রী কাঁদছিলেন। এই শহরের একজন ডাক্তার, তার ছোট্ট মেয়েটি আমার ছোট মেয়ের সাথে দৌড়াচ্ছিল, এবং তারা একে অপরকে ভালবাসত; যতক্ষণ না তারা জানতে পারে যে তার নাম ব্রানহাম, আর সে রেভ. ব্রানহামের সন্তান। এটা নিষ্পত্তি করে। ছোট মেয়েটি আর আমার ছোট মেয়ের সাথে যেতে পারেনি। "আমার," আমি ভাবলাম, "ঠিক আছে, ঠিক আছে।"

235 কিছু ছোট প্রতিবেশী সেখানে দৌড়ে এসে বলল, "ঠিক আছে, সেটা ঠিক আছে।" তাই, তারা তাদের পালকের কাছে গেলেন। আমাকে বলবেন না। আপনারা জানেন, আমার—আমার কাছে অনেক কিছু জানার উপায় আছে, আপনারা দেখুন। তাই তারা—তারা তাদের পালকের কাছে গেলেন, আর বললেন, "আপনি জানেন, আমাদের পাড়ায় একজন ব্যক্তি থাকেন, আমাদের সন্তানদের প্রতি খুব ভালো।" বললেন, "তিনি রেভারেন্ড ব্রানহাম। তিনি তাদের নিয়ে যান, তার ছোট পুরানো ট্রাকে তাদের নিয়ে যান এবং বাইরে নিয়ে যান।"

236 বললেন, "ঠিক আছে, আহ, *হুম*! রেভারেন্ড ব্রানহামের বিরুদ্ধে আমাদের কিছুই নেই। তিনি ঠিক আছেন, কিন্তু, আপনারা দেখুন, আমরা যা আছি তার থেকে তিনি ভিন্ন শ্রেণীর লোক।" হ্যাঁ। "আমরা, আমি—আমি চাই যে আপনি করবেন না...আপনি জানেন, আমি এক ধরনের...আপনি তাদের সাথে কথা বলুন, এবং বন্ধুত্বপূর্ণ হন, কিন্তু সেটি সমাপ্ত হতে দিন।"

237 ওহ, ভাই! আমার স্ত্রী সেখানে দাঁড়িয়ে কাঁদছিলেন। আমি বললাম, "প্রিয়, এটা একটি পৃথকীকরণ রেখা। আমি এবং আমার পরিবারের জন্য, আমরা প্রভুর সেবা করব।"

238 যদিও সমস্ত জগৎ ছেড়ে দেয়; এখনও যীশু খ্রীষ্ট! যদি আমাকে ধর্মান্ধ বলা হয়, যদি আমাকে আমার আত্মীয়দের দ্বারা এড়িয়ে চলতে হয়-...আমার সহকর্মী, এবং এই জাতীয় জিনিসগুলি, আমি এখনও যীশু খ্রীষ্টকে বেছে নেব। ঈশ্বরের অপরিবর্তনীয় হাত ধরুন। যখন পার্থিব বন্ধুরা আপনাকে ত্যাগ করে, তখনও তাঁর আরও কাছে আঁকড়ে ধরুন। তাকে ধরে রাখুন।

239 ঈশ্বর, আমাকে প্রচার করতে দিন যেমন আমি আগে কখনও করিনি। আমাকে মৃত্যুবরণকারী পুরুষদের কাছে প্রচার করতে দিন, একজন মৃত ব্যক্তি হিসাবে, আমি নিজেই। আমাকে এমন লোকদের কাছে প্রচার করতে দিন যেমন আমার কাছে প্রচার করার জন্য অন্য ধর্মোপদেশ ছিল না। আমাকে তাদের বেদীর কাছে আসতে

প্ররোচিত করতে দিন, অশ্রুসিক্ত মুখ নিয়ে; বাড়িতে ফিরে যান এবং খ্রিস্টানদের মতো জীবনযাপন করুন, এবং তাদের আশেপাশে বসবাস করুন। এই সব এখানে থামান এবং দৌড়াদৌড়ি করা, এবং লাফানো এবং চালিয়ে যাওয়া; আর *এই* রকম আচরণ করা, আর *এই* দিকে উড়িয়ে দেওয়া, আর *সেই* পথে যাওয়া। ওহ, এটা করবেন না। সেটি সেই শয়তান। সেই মন্দ আত্মা খ্রিস্টানদের উপর আসে।

240 মনে রাখবেন, সেখানে যারা সেবক ছিলেন, তারা সেই ভাববাদী ছিলেন। তারা ভাববাদী ছিলেন। তারা ধার্মিক ব্যক্তি ছিলেন যারা বলিদান করছিলেন। তারা এই সময়ের শিক্ষকদের মতোই ধার্মিক ছিলেন, কিন্তু, ভাই, তারা সত্য জানা থেকে অনেক দূরে ছিলেন।

241 আপনারা কি দেখেন না শয়তান কতটা ধার্মিক? শয়তান কোন বিরোধী নয়, সাম্যবাদের মতো বড় জিনিস, সকলে খ্রিস্টান ধর্মের বিরুদ্ধে। সেটা নয়। সেটা, ওহ, ঠিক আছে, শয়তানের, নিশ্চিত, কিন্তু এটা খ্রীষ্টবিরোধী নয়। খ্রীষ্টবিরোধী খুব ধার্মিক, খুব ধার্মিক। এটি একটি ধর্মীয় আত্মা ছিল যা যীশুকে ক্রুশবিদ্ধ করেছিল। এটি সর্বদা একটি ধর্মীয় বিশ্ব, একটি ধার্মিক লোক, যারা ক্রুশবিদ্ধ করে। এটা ধার্মিক লোকেরা যারা সত্য খ্রীষ্টের বিরুদ্ধে ছিল। এটা ধার্মিক ভাববাদীরা যারা মীখায়ের বিরুদ্ধে ছিল। এটা সেই সময়ের ধার্মিক লোকেরা যারা ঈশ্বরের বার্তার বিরুদ্ধে রয়েছে।

242 মনে রাখবেন, আমি আপনাকে সতর্ক করেছি। আমি আপনাকে বলেছি। আমি ক্যাথলিক ধর্ম, এবং ব্যাপটিস্ট এবং মেথডিস্ট সম্পর্কে এতটা কথা বলছি না; আমি শুধু সেই লোকদের সম্পর্কে কথা বলছি যারা পবিত্র মানুষ, এখানে এই লাইনগুলির নীচে। আজ এটি দেখুন, এটি কীভাবে নাটকে এসে দাঁড়িয়েছে। ওহ, আমার। আমি এটিতে যেতাম, কখনও কখনও। আর আমার হৃদয় আমার মধ্যে ভেঙে যায়।

243 সেখানে একটি পুরানো ব্যাঞ্জো নিয়ে দাঁড়িয়ে, সেই পুরানো ব্যাঞ্জোটিকে বাজিয়ে, আর একটি পুরানো বাঁশি দেখে, "এই টেক্সাসের কাউবয় কি *অমুক-অমুক*?" লোকটির বিরুদ্ধে আমার কিছু নেই; কিন্তু সেটা বাইরের জগতের অন্তর্গত। সেটা ঠিক। আমি বরং দাঁড়াতে চাই, ভাই, একটি জিনিসও না নিয়ে, না, কিছুই নয়, কিন্তু শুধু দাঁড়িয়ে আমার হাত তুলে বলি, "যীশু, আমাকে ক্রুশের কাছে রাখুন।" হ্যাঁ, মহাশয়।

পবিত্র ক্রুশ আমি বহন করব,
যতক্ষণ না মৃত্যু আমাকে মুক্ত করবে,

তারপর ঘরে গিয়ে একটি মুকুট পরিধান করার জন্য,
কারণ আমার জন্য একটি মুকুট রয়েছে।

244 আজ সকালে এখানে আপনারা মায়েরা, যারা সত্যিকারের মা, আর আমি জানি আপনাদের মধ্যে অনেকেই আছেন; আমি মনে করি, আপনারা প্রত্যেকে। আমাকে আপনাকে কিছু বলতে দিন। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। আপনারা পঞ্চম সুসমাচার, আমি মনে করি। আমাকে এখন আপনাদের সন্তানদের জন্য কিছু বলতে দিন, সামান্য বিষয়। কারণ, ভাই নেভিল সম্ভবত...আজ রাতে মায়ের বিষয়ে প্রচার করবেন, অথবা যে কেউ, আমাদের মধ্যে একজন যিনি প্রচার করেন, ঠিক আছে, মায়ের বিষয়ে। কিন্তু, শুনুন, আমাকে আপনাকে কিছু জিজ্ঞাসা করতে দিন।

245 মনে রাখবেন, যখন মোশি ছোট বালক ছিল, তখন একজন মা তাকে তার নির্দেশনা দিয়েছিল। তিনি একজন ঈশ্বরীয় মা ছিলেন যিনি ছোট মোশিকে হাঁটুতে নিয়েছিলেন, আর বলেছিলেন, "মোশি," তাকে সব শিখিয়েছিলেন। তিনি তার শিক্ষিকা ছিলেন, অথবা, তিনি তার শিক্ষিকা ছিলেন, বরং, ফরৌণের অধীনে, এবং বলেছিলেন, "এখন, এই বিষয়গুলি," বলেছিলেন, "মোশি, একদিন আপনি ইস্রায়েল সন্তানদের উদ্ধার করতে যাচ্ছেন। তুমি সেই ছেলে যাকে আহ্বান করা হয়েছে। নিজেকে জগৎ থেকে শুদ্ধ এবং দাগমুক্ত রাখো, কারণ তুমিই সেইজন। তুমিই সেইজন।"

246 অন্য কোন স্থান আমরা জানি না, যেখানে তিনি কখনও কোন সেমিনারিতে গেছেন, কোন শিক্ষাদানে গেছেন, তিনি কখনও গেছেন। তিনি ফরৌণের প্রাসাদেই থেকে গেলেন, যিনি ছিলেন বিধর্মী; কিন্তু তার মা তাকে শিখিয়েছিলেন। সেটি একজন প্রকৃত মা। তিনি তাকে প্রভুর বিধিগুলি শিখিয়েছিলেন। তিনি তাকে বলেছিলেন কিভাবে তাকে পবিত্র হতে হবে। তিনি তাকে বলেছিলেন কিভাবে এবং কেমন করে তাকে বাঁচতে হবে, এবং কিভাবে, ঈশ্বরকে কি করতে হবে, তার জন্য করবেন। আর এটা মোশির সাথে তার জীবনের সমস্ত দিন আটকে ছিল।

247 আর যে কোন ভালো, সত্য, অনুগত মা যে তার ছোট বাচ্চাদের নিয়ে যাবে, তাদের ছবির শো এবং নাচতে পাঠানোর পরিবর্তে, এবং এইরকম আরও অনেক কিছুতে, আর সে তাদের কোলে তুলে প্রভু যীশু খ্রীষ্টের বিষয়ে শিক্ষা দেবে।

248 এখানে অন্য দিন, আমি টেলিফোনে একজন মায়ের সাথে

কথা বলছিলাম। আর সেই মা বললেন, "ওহ, ভাই বিলি," তিনি বললেন, "আমার দরিদ্র ছেলেটি সমস্যায় পড়েছে।" বললেন, "ওহ, সে কেমন একটি সমস্যায় আছে।"

249 আমি বললাম, "হ্যাঁ, আমি এই বিষয়ে জানি, বোন, প্রিয়।" আর তিনি বললেন, "সে ভুল হতে পারে। আমি জানি না।" বললেন, "একজন *এটা* বলে আর একজন *সেটা* বলে। আমি জানি না। কিন্তু," বললেন, "সে ভুল বা সঠিক যাই হোক না কেন, আমি তাকে ভালবাসি।" সেখানে আপনি, "আমি তাকে ভালোবাসি।"

250 সে তার মাকে বলল, বলল, "আমি *এটা* এবং *সেটা* দ্বারা প্রতারিত হয়েছি।" বললেন, "মা, আমি বিশ্বাস করি যে আপনিই একমাত্র প্রণয়ী আমার কাছে আছে; একজন মহিলা যিনি আমার কাছে সত্য, এবং আমার সঙ্গে থাকেন।" সেটি মায়ের ভালবাসা। সেটি একজন সত্যিকারের মা যিনি তার শিশুকে জড়িয়ে তার বাহুতে রাখেন। সে সঠিক বা ভুল নির্বিশেষে, তিনি ঠিক এগিয়ে যান। আর যদি ঈশ্বর...যদি একজন মা তার সন্তানের কথা ভাবতে পারেন, তাহলে ঈশ্বর, যা তাঁর সম্পর্কে আরও কতটা ভাববেন। আপনারা দেখুন ? আপনি তাঁর সঙ্গে স্থির থাকুন। ডানদিকে যান।

251 আর এখন আমি আপনাদের আরেকজন মায়ের বিষয়ে বলি, দ্রুত, বাইবেলে, আমরা বন্ধ করার আগে। হেরোদিয়া নামে একজন মা ছিলেন। তিনি তার মেয়েকে ট্যাপ নাচ শিখিয়েছিলেন। তিনি চেয়েছিলেন যেন সে জনপ্রিয় হয়। আর সে রাজার সামনে নাচলেন, এবং যোহন বাপ্তিস্মদাতার মাথা চেয়েছিলেন। আমাদের কাছে তার সত্তর বংশধরের নথি রয়েছে, এই কন্যা যে নাচ করেছিল (হেরোদিয়ার কন্যা), হেরোদের সামনে নাচ করেছিল; তার সত্তর বংশধর, তারা হয় বেশ্যা হয়ে অথবা ফাঁসির কাষ্ঠে মারা গিয়েছিল।

252 একজন মা তাকে জগতের বিষয় শিখিয়েছিল; অন্য মা তাকে ঈশ্বরের বিষয় শিখিয়েছিল। একজন মহান নেতা এবং বিজয়ী হয়েছিল, আজ মানুষের মধ্যে অমর; আর অন্যটি চরিত্রহীন হয় এবং নরকে, এবং তার সাথে হাজার হাজার গুণী হাজার হাজার লোক নিয়ে গেছে। দেখুন আমি কি বলতে চাইছি ? "একটি শিশুকে সেভাবে বড় করুন যেভাবে তার যাওয়া উচিত।"

253 আর আমি অবশ্যই আপনাদের প্রতি সহানুভূতিশীল দুর্ভাগা মায়েরা যারা আপনাদের সাদা গোলাপ নিয়ে এখানে বসে আছেন। সেখানে একটি স্বর্গ আছে যেখানে একজন মা চলে গেছেন, আজ, যেখানে একজন ভালো পুরানো ধাঁচের মা যিনি ঈশ্বরের জন্য বেঁচে

ছিলেন, সম্ভবত পর্দার বাইরে চলে গেছেন। তিনি আপনার আসার জন্য অপেক্ষা করছেন। সেটা ঠিক।

254 আমি সেখানে লাল গোলাপ নিয়ে আপনাদের শ্রদ্ধা ও সম্মান করি। আপনার মা, আপনি যদি তার জন্য কিছু করতে চান, তবে বছরে তিনশো পঁয়ষট্টি দিন করুন। তার বাড়িতে যান এবং প্রার্থনা করুন, এবং ঈশ্বরের জন্য জীবনযাপন করুন। সেটাই করার বিষয়। আর আপনার সন্তানদের বড় করুন। আর যখন আপনার সন্তানরা উঠে আসে, তারা আপনাকে "ধন্য" বলবে, আপনি পর্দার বাইরে চলে যাওয়ার পরে। এটাই মাতৃত্বের প্রকৃত আত্মা, মাতৃ দিবসের প্রকৃত আত্মা। মাতৃ দিবস বছরে তিনশ পঁয়ষট্টি দিন।

255 এই দিনে তারা ফুল বিক্রি করে এবং উপহার দেয়, বিশ্ব করে। যদি এটি চলে যায়, যদি পৃথিবী আরও কুড়ি বছর দাঁড়ায়, তারা পুত্র দিবস, কন্যা দিবস, এবং, জ্ঞাতিভাই দিবস, এবং মামা দিবস, এবং এই জাতীয় সবকিছু, বিশ্বকে একটি বাণিজ্যিক গ্ল্যামারে আনার জন্য যথেষ্ট। ঠিক সেখানেই এটি যাচ্ছে, ঠিক নরকে, যতটা কঠিন এটি যেতে পারে, ধ্বংসের দিকে।

কিন্তু, আপনি, ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, আমার প্রার্থনা। আসুন আমরা প্রার্থনা করি।

256 আমাদের দয়ালু স্বর্গীয় পিতা, যেমন আমরা পিছনে দেখি, আজ সকালে, আমাদের মন দিয়ে, অদূরে, কয়েক শত বছর আগে, যখন রাজা আহাবের পাশে যিহোশাফট দাঁড়িয়েছিলেন। এবং তার হৃদয়ে একটি ছোট্ট আত্মা, ঈশ্বরের এখনও বাকি ছিল, যদিও তিনি একটি ভুল করেছিলেন, তাকে বলেছিল, বলেছিল, "এটা ভুল। এটা ভুল। এটা পরিষ্কার নয়। এটা পবিত্র নয়। ভাববাদী বলেছেন এই বিষয়গুলি এভাবে চলতে পারে না।" আর ঈশ্বরের ছোট্ট আগুন তাকে জাগিয়ে তুলেছিল।

257 আর তখন আপনার কাছে সেই ছোট্ট আগুনের উত্তর দেওয়ার জন্য কেউ ছিল, যিনি ছিলেন মীখায়, ঈশ্বরের সত্য ভাববাদী। যদিও তিনি সেখানে চট পরিধান করে এসেছিলেন, যদিও তিনি সেখানে তুচ্ছ হয়ে আসেন, আর তারা সবাই তার দিকে এমনভাবে তাকিয়েছিল যেমন একদল নেকড়ে মেষশাবকের দিকে তাকিয়ে থাকে। কিন্তু তিনি সত্য বলেছিলেন, যদিও তার মুখে মারা হয়েছিল, যদিও তাকে কারাগারে নিক্ষিপ্ত হতে হয়েছিল এবং তাকে রুটি এবং দুঃখের জল খেতে হয়েছিল। কিন্তু, তবুও, তিনি যে কথাগুলি বলেছিলেন তা বাস্তবায়িত হয়, কারণ আপনি তার সঙ্গে ছিলেন।

258 ঈশ্বর, প্রদান করুন, আজ, আর আমরা এই বাইবেলে দেখি। আমরা গির্জার পুস্তক, ডিকালগ, এবং আরও অনেক কিছু, গির্জার আচার-অনুষ্ঠানের দিকে দেখি, আর দেখি কিভাবে তারা *এটা*, *সেটা*, অথবা *অন্যকিছু* করে। কিন্তু আসুন আমরা এখানে এই সত্য বাক্যটি দেখি, এবং দেখি এটি কি বলে: "পবিত্রতা ব্যতীত, কেহ প্রভুকে দেখিতে পাইবে না। শান্তি ও পবিত্রতা অনুসরণ করুন, যা, ছাড়া, কেউ প্রভুকে দেখতে পাবে না। যে জগৎকে অথবা জগতের বিষয়কে প্রেম করে, ঈশ্বরের প্রেম তাহার মধ্যে নাই।"

259 "শেষ কালে বিষম সময় উপস্থিত হইবে। মনুষ্যেরা আত্মপ্রিয়, আত্মশ্লাঘী, অহংকারী হইবে।" ওহ, সেই মহান বিষয়গুলি, প্রভু, সেটা ঘটছে। "প্রচণ্ড, অভিমানী, ঈশ্বরপ্রিয় নয় বরং বিলাসপ্রিয়; ঈশ্বরের আদেশের পরিবর্তে মানুষের—মানুষের বিধি শিক্ষা দেয়; ঈশ্বরস্বরূপতা ধারণ করে, এবং পবিত্র আত্মার শক্তিকে অস্বীকার করে" একজন মানুষকে আত্মায় পূর্ণ করার জন্য, তাকে আনন্দিত করার জন্য, তার চোখ থেকে অশ্রু প্রবাহিত করার জন্য, তাকে বাইরে যেতে এবং অসুস্থদের জন্য প্রার্থনা করতে, তাকে অন্য ভাষায় কথা বলতে এবং ব্যাখ্যা করতে, তাকে ভাববাণী বলতে বাধ্য করতে। ঈশ্বরের আত্মা, জীবন্ত ঈশ্বর, তারা এটিকে কোন লজে বা এইরকম কিছুতে নিয়ে গিয়েছে, "ঈশ্বরস্বরূপতা ধারণ করে, এবং তার শক্তিকে অস্বীকার করে।"

260 হে ঈশ্বর, এই ছোট্ট শ্রোতারা, এই দিনে, দ্রুত জেগে উঠুক, এখনই, শেষ সময় আসার আগে, এবং আমাদের এই অবস্থায় ধরে ফেলে। আমরা যেন, নিজেদেরকে পুনর্নবীকরণ করি, যেমন বাইবেল বলে, "উঠো এবং নিজেকে ঝাড়িয়া ফেল। আর পুরানো পথ চান, যেটি উত্তম পথ, আর যখন তোমরা তা পাও, তখন সেই পথে চল।" ঈশ্বর, সেটি প্রদান করুন যেন আমরা পুরানো দুর্গম পথটি খুঁজে পেতে পারি, যখন আমরা আবার একসাথে দাঁড়াতে পারি, শত শত লোক, আর আমাদের হাত মিলিত করে গাই।

> আমি প্রভুর তুচ্ছ লোকদের সঙ্গে পথ নেব।
> আমি যীশুর সাথে শুরু করেছি এবং আমি এর
> মধ্য দিয়ে যাচ্ছি।

ঈশ্বর, আমাদেরকে সেটি জীবনযাপন করতে এবং সেটি হতে সাহায্য করুন।

261 এখানে বসে থাকা এই সকল প্রিয় মায়েদের আশীর্বাদ করুন, প্রভু; জেনে যে তারা মা, তারা নিজেরাই, তাদের কোটে সাদা

গোলাপ পিন দিয়ে লাগিয়ে, আজ সকালে, একজন প্রিয় বৃদ্ধ মায়ের স্মারক হিসাবে যিনি দৃশ্যের বাইরে চলে গেছেন। হে জীবনের প্রভু, তাদের আশীর্বাদ করুন, প্রভু। আর তারাও আশীর্বাদপ্রাপ্ত হোক, এবং তাদের সন্তানদের স্মৃতি যেমন তাদের মায়ের সাথে থাকে, যদি তিনি পর্দার বাইরে চলে গিয়ে থাকেন, একটি মহিমান্বিত স্বর্গে। এটা প্রদান করুন, প্রভু।

262 আর কোন একদিন সকালে যখন জীবন আমাদের শিরা থেকে বন্ধ হয়ে যাচ্ছে, আর আমাদের শ্বাস আমাদের কাছে আসতে ব্যর্থ হচ্ছে, পর্দা খুলে যাবে; সে নেমে আসবে, সম্ভবত, যর্দ্দন নদীর শেষ প্রান্তে, আমাদের সাহায্য করার জন্য। ওহ, সেই মহিমান্বিত দিনে যখন আমরা আমাদের পা অন্য পার্শ্বে বাড়াই, যা সেখানে থাকবে না...সিগারেটের ধোঁয়ায় বাতাস দূষিত হবে না। রাস্তায় কখনও মাতাল থাকবে না। সেখানে কখনও পতিতা হবে না। কখনও পাপ হবে না। এমন কিছু হবে না। কিন্তু, চিরকাল মহিমান্বিত অবস্থায়, আমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্ট এবং আমাদের সন্তানদের সঙ্গে শান্তিতে বসবাস করব। আর, ওহ, কি একটি চমৎকার দিন।

263 হে পিতা, যখন ঘোর অন্ধকার চলছে, যুদ্ধ চলছে, এবং শয়তান দেশগুলিতে আক্রমণ করছে, এবং বেদীতে আক্রমণ করছে, গির্জায় আক্রমণ করছে, লোকদের আক্রমণ করছে, ব্যবসায় আক্রমণ করছে, শহর, এবং বিদ্যালয় এবং বাড়িতে আক্রমণ করছে; হে ঈশ্বর, আমাদের দাঁড়াতে সাহায্য করুন, দ্রুত তলোয়ার তুলতে এবং ঈশ্বরের জন্য যুদ্ধ করতে, যেমন মোশি এবং—এবং লেবীয়রা সেখানে করেছিল যখন পাপ শিবিরে ছিল। আমাদের সাহায্য করুন, প্রভু।

264 এখন আমাদের ক্ষমা করুন, এবং আমাদের আশীর্বাদ করুন। আর আমাদের নম্র রাখুন, আমাদের ভেঙে দিন, প্রভু। হে ঈশ্বর, আপনি বলেছেন, "যাহারা সজল নয়নে বীজ বপন করিতে যায়, নিঃসন্দেহে সে আনন্দগান সহ আপন আটি লইয়া আসিবে।" হে ঈশ্বর, আমাদের টুকরো টুকরো করে দিন। আমাদেরকে নতুন করে গড়ে তুলুন, প্রভু। আমরা খুব বেশি পথ থেকে বেরিয়ে যাচ্ছি।

265 আমি, নিজে, প্রভু, আমি এমন একটি স্থানে যাচ্ছি যেখানে আমি ভাবছি কতজন আমার সভায় উপস্থিত হবেন। হে ঈশ্বর, আমি চাই আপনি উপস্থিত থাকুন। আসুন, প্রভু! হে খ্রীষ্ট, আসুন প্রভু! আমাকে ভেঙে ফেলুন; আমাকে ছাঁচে ফেলুন। হে প্রভু, করবেন না, আমাকে কখনই এই বিষয়গুলি আমার মাথায় নিতে দেবেন না। ঈশ্বর, তাদের আমার কাছ থেকে দূরে রাখুন।

266 আমাকে সাহায্য করুন, প্রভু, প্রচার করতে, যেমন আমি বলেছিলাম, কিছুক্ষণ আগে, একজন মৃতপ্রায় মানুষ থেকে মৃতপ্রায় মানুষের কাছে, এটা জেনে যে আমাদের সকলকে অনন্তকালের মুখোমুখি হতে হবে। আমাদের আপনার সামনে দাঁড়াতে হবে; যখন আপনি আপনার আনন্দদায়ক পদ্ধতিতে থাকবেন না, যখন আপনি করুণার সাথে থাকবেন না, যখন আপনি করুণাহীনভাবে দাঁড়িয়ে থাকবেন; যখন আপনি দাঁড়িয়ে থাকবেন, ক্রুদ্ধ হয়ে, জাতিদের বিচার নিয়ে আসার জন্য এবং যারা আপনার সন্তানের ভালবাসাকে প্রত্যাখ্যান করেছে এবং পদদলিত করেছে।

267 ঈশ্বর, আজ আমাকে তাঁর সঙ্গে করুণা প্রদান করুন, যেন সেই দিন আমি আশ্বস্ত হতে পারি। এখন কাঁদতে হতে পারে, কিন্তু আপনি এটি মুছে ফেলবেন, আনন্দে, সেই সময়ে, যখন আপনি বলবেন, "তোমরা প্রভুর আনন্দে প্রবেশ কর, যাহা জগৎপত্তনের সময় হইতে তোমাদের জন্য প্রস্তুত করা হয়েছে।" ঈশ্বর, এখন আমাদের সঙ্গে থাকুন, এবং আমাদের সাহায্য করুন, আমরা প্রার্থনা করি, যীশুর নামে। আমেন।

54-0509 মার্কিন যুক্তরাষ্ট্রের আক্রমণ
ব্রানহাম ট্যাবারনাকেল
জেফারসনভিল, ইন্ডিয়ানা ইউ.এস.এ.

BENGALI

©2026 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org